
# চায়ের দেশ মৌলভীবাজার
## Moulvibazar: The Land of Tea



জেলা প্রশাসন, মৌলভীবাজার
District Administration, Moulvibazar



# চায়ের দেশ মৌলভীবাজার


দিক নির্দেশনায়
একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
প্রধানমন্ত্রীর কার্যালয়

তত্ত্বাবধানে
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রকাশনায়
জেলা প্রশাসন, মৌলভীবাজার

পৃষ্ঠপোষক ও প্রধান উপদেষ্টা
**মো. তোফায়েল ইসলাম**
জেলা প্রশাসক, মৌলভীবাজার।

উপদেষ্টা
**মোহাম্মদ রোকন উদ্দিন**
উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার,
মৌলভীবাজার

সম্পাদনা পর্ষদ
**আশরাফুর রহমান**
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও উপসচিব
মৌলভীবাজার

**মোহাম্মদ আশরাফুল আলম খান**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও উপসচিব
মৌলভীবাজার

**মীর মোহাম্মদ মাহবুবুর রহমান**
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (উপসচিব),
মৌলভীবাজার

**সৈয়দ আমজাদ হোসেন**
সহকারী কমিশনার, মৌলভীবাজার

**মো. জসিম উদ্দিন মাসুদ**
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, মৌলভীবাজার

**হাসানাত কামাল**
জেলা প্রতিনিধি,
বাংলাদেশ টেলিভিশন, মৌলভীবাজার

চিত্রগ্রহণ
ইনাম আল হক, তানিয়া খান, রণজিৎ দত্ত জনি
আদনান আজাদ, মাজহারুল ইসলাম জাহাঙ্গীর
আরিফুল ইসলাম এলিন

প্রকাশকাল
ফেব্রুয়ারি ২০১৮

ডিজাইন ও মুদ্রণ : চৈতন্য



© গ্রন্থস্বত্ব
জেলা প্রশাসন, মৌলভীবাজার।

সর্বসত্ত্ব সংরক্ষিত। প্রকাশকের লিখিত পূর্বানুমতি ছাড়া এ প্রকাশনা বা এর কোন অংশ বিশেষ পুনর্মুদ্রণ অথবা অন্য কোন উপায়ে প্রকাশ করা যাবে না।


# Moulvibazar: The Land of Tea


Directed By
Access to Information (a2i) Program
Prime Minister's Office

Supervision
Cabinet Division

Publisher
District Administration, Moulvibazar

Patronizer & Chief Advisor
**Md. Tofayel Islam**
Deputy Commissioner, Moulvibazar

Advisor
**Mohammed Rokon Uddin**
Deputy Director (Deputy Secretary)
Local Government, Moulvibazar

Editorial Pannel
**Ashrafur Rahman**
Additional Deputy Commissioner (General) &
Deputy Secretary, Moulvibazar

**Mohammad Ashraful Alam Khan**
Additional Deputy Commissioner (Revenue)
& Deputy Secretary, Moulvibazar

**Mir Mohammed Mahbubur Rahman**
Additional District Magistrate (Deputy Secretary)
Moulvibazar

**Sayed Amjad Hossain**
Assistant Commissioner, Moulvibazar

**Md. Jashim Uddin Masud**
District Child Affairs Officer, Moulvibazar

**Hasanat Kamal**
District Correspondent, Bangladesh Television
Moulvibazar

Photography
Enam Ul Haque, Tania Khan, Ranjit Datta Jony
Adnan Azad, Mazharul Islam Jahangir
Ariful Islam Alin

Date of Publication
February 2018

Graphics & Printed By চৈতন্য



© Copyright
District Administration, Moulvibazar

All rights reserved. Reprinting or copying of this publication or its any part in any form without the prior written permission of the publisher is strictly prohibited.

# চায়ের দেশ মৌলভীবাজার
## Moulvibazar: The Land of Tea



জেলা প্রশাসন, মৌলভীবাজার
District Administration, Moulvibazar



বাগানে চা চয়ন
Tea Plucking in the Garden



# বাণী

মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়নের মহাসড়কে দৃপ্তপদে এগিয়ে চলেছে বাংলাদেশ। উন্নয়নের এই পথ-পরিক্রমায় বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি সুখী ও সমৃদ্ধ দেশে পরিণত করার লক্ষ্যে বদ্ধপরিকর। এই লক্ষ্যসমূহ অর্জনে প্রয়োজন সমন্বিত উদ্যোগ ও প্রচেষ্টা এবং দেশের প্রতিটি জেলার অর্থনৈতিক সম্ভাবনার যথাযথ বিকাশ। আর এই লক্ষ্যেই মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের সহায়তায় জেলা-ব্র্যান্ডিং উদ্যোগ বাস্তবায়িত হচ্ছে। জেলা-ব্র্যান্ডিং পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা প্রদানের লক্ষ্যে ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ জেলা-ব্র্যান্ডিং কৌশল জারি করেছে।

জেলা-ব্র্যান্ডিংয়ের একটি অন্যতম অনুষঙ্গ হলো ব্র্যান্ড-বুক। জেলা-ব্র্যান্ডিং কার্যক্রমকে দেশে-বিদেশে পরিচিত করে তুলতে ব্র্যান্ড-বুকের অত্যন্ত গুরুত্বপূর্ণ ও কার্যকর ভূমিকা রয়েছে। এটুআই প্রোগ্রামের সহায়তায় জেলা প্রশাসন, মৌলভীবাজার ব্র্যান্ড বুক প্রকাশ করছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। আশা করি জেলা-ব্র্যান্ডিং উদ্যোগ বাস্তবায়নে এই 'ব্র্যান্ড বুক' কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে।

জেলা ব্র্যান্ড বুক প্রণয়নের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

২২.১১.১৭

মোহাম্মদ শফিউল আলম



# Message

Cabinet Secretary
Govt. of the People's Republic of Bangladesh

Bangladesh is pacing firmly on the highway towards development with a vision to realize Sonar Bangla, the dream of our Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman under the charismatic leadership of Sheikh Hasina, Honorable Prime Minister of Bangladesh. The country is determined to become a middle income nation by 2021 and a prosperous and developed nation by 2041 in the course of realization of the vision. Integrated efforts and initiatives along with appropriate flourishment of the economic prospects of each district are crucial for achieving the vision. In this context district branding is being implemented under the coordination of Cabinet Division with the support of the a2i program of Prime Minister's Office. The cabinet division has already issued a strategy for proper planning and implementation of district-branding.

One of the most important aspects of district-branding is the brand-book. It is an important and effective tool for showcasing district-branding at home and abroad. I am absolutely delighted to know that Office of the Deputy Commissioner, Moulvibazar is going to publish a Brand-Book with the support of a2i program. I believe this brand-book will play a pivotal role in depicting district-branding initiatives and implementation trajectory. I would like to thank all officials concerned with the preparation of the book.

22.11.17

**Mohammad Shafiul Alam**



# বাণী

মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

একটি জেলার স্বাতন্ত্র্য ও সম্ভাবনাসমূহকে বিকশিত করার মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নই জেলা-ব্র্যান্ডিংয়ের মূল অভিলক্ষ্য। জেলার স্বাতন্ত্র্য ও সম্ভাবনা বিকাশের বহুবিধ ক্ষেত্র রয়েছে যেমন: পর্যটন, পণ্য, ইতিহাস-ঐতিহ্য বা কোনো জনমুখী উদ্যোগ। জেলা-ব্র্যান্ডিং জেলার ইতিহাস-ঐতিহ্য ও সংস্কৃতির সংরক্ষণ ও চর্চা, পর্যটন শিল্পের বিকাশ, 'এক জেলা এক পণ্য' কর্মসূচির বাস্তবায়নে সহায়তা প্রদান এবং জেলার ভৌগোলিক নির্দেশক পণ্য চিহ্নিতকরণ এবং তা সংরক্ষণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সামগ্রিক বিবেচনায় বলা যায় ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকারের রূপকল্প বাস্তবায়নে সহায়তা প্রদানই জেলা-ব্র্যান্ডিংয়ের অন্যতম উদ্দেশ্য।

পর্যটনের সঙ্গে জেলা-ব্র্যান্ডিংয়ের নিবিড় সম্পর্ক রয়েছে। বাংলাদেশের পর্যটন সম্ভাবনার বিকাশে জেলা-ব্র্যান্ডিং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে । এই লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ পর্যটন করপোরেশন, বাংলাদেশ ট্যুরিজম বোর্ডসহ সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি সংস্থা একযোগে কাজ করতে পারে। প্রধানমন্ত্রীর কার্যালয়ও সব ধরণের সহায়তা দিতে পারে।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের সহায়তায় বাংলাদেশের সকল জেলা ইতোমধ্যে তাদের ব্র্যান্ডিংয়ের বিষয় নির্ধারণ, লোগো তৈরি এবং ত্রিবার্ষিক বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করেছে। জেলা-ব্র্যান্ডিংকে দেশে-বিদেশে পরিচিত করে তুলতে জেলাসমূহ যে বিস্তৃত উদ্যোগ গ্রহণ করেছে তার মধ্যে একটি হলো ব্র্যান্ড-বুক প্রকাশনা । ব্র্যান্ড-বুকের পরবর্তী সংস্করণসমূহের জন্য এটি যেমন ভিত্তি হিসেবে কাজ করবে তেমনি জেলা ব্র্যান্ডিংয়ের ইতিহাসে একটি উল্লেখযোগ্য দলিল হিসেবেও স্বীকৃত হবে।

একটি তথ্যসমৃদ্ধ ও নান্দনিক ব্র্যান্ড-বুক তৈরির জন্য আমি জেলা প্রশাসন, মৌলভীবাজার, এটুআই এবং উক্ত প্রকাশনার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই এবং জেলা-ব্র্যান্ডিং কাজের সার্বিক সাফল্য কামনা করি।

(মোঃ নজিবুর রহমান)



# Message

**Principal Secretary**
Prime Minister's Office
Govt. of the People's Republic of Bangladesh

The mission of district branding is to achieve socio economic development through promoting the uniqueness and the potentials of each district. The districts have diverse potentials such as tourist sites, commercial products, famous foods, history and tradition as well as peoples' welfare-centric initiatives. District branding plays an important role in safeguarding and fostering history, tradition and culture of the districts, developing tourism industry, implementing '**one district one product**' programm identifying and preserving the geographical indications (GIs). One of the main objectives of district branding is to provide support in realizing the vision of the present government to become a middle income country by 2021 and a prosperous and developed nation by 2041.

District-branding is closely linked with tourism. This initiative can play an important role in unleashing the potentials of tourism in Bangladesh. In this regard, all government and non-government organizations, including Cabinet Division, Ministry of Public Administration, Ministry of Civil Aviation and Tourism, Ministry of Cultural Affairs, Bangladesh Parjatan Corporation, Bangladesh Tourism Board can work together. The Prime Minister's Office can also provide all-out support.

All the districts have already selected their branding areas, developed logos and three-year work plan with the support of the a2i program of the Prime Minister's Office. One of the important initiatives of the district to promote district branding at home and abroad is the publication of Brand Book. This document will be a foundation for the future editions and at the same time will also be treated as a landmark publication in the history of district-branding.

I congratulate District Administration, Moulvibazar, a2i and all concerned for publishing such an impressive and informative Brand Book and wish the district branding initiative all the success.

**(Md. Nojibur Rahman)**



# বাণী

মহাপরিচালক (প্রশাসন)
প্রধানমন্ত্রীর কার্যালয়
ও প্রকল্প পরিচালক, এটুআই ।

বাংলাদেশের প্রতিটি জেলা এক একটি অনন্য বৈশিষ্ট্যে বৈশিষ্ট্যমন্ডিত। কোন জেলায় রয়েছে সুপ্রাচীন ঐতিহাসিক নিদর্শন, কোথাও প্রাকৃতিক সৌন্দর্যের পসরা সাজানো, কোথাও বা লোকজ ঐতিহ্য কিংবা শিল্প সাহিত্যে সমৃদ্ধ । আবার কোন জেলা কৃষিজ পণ্যের জন্যে বিখ্যাত, কোথাও বা মজাদার কোন খাবারের জন্য সুনাম কুড়ানো । দেশের প্রতিটি জেলার এ সকল বৈশিষ্ট্যকে শুধু দেশের অভ্যন্তরেই নয় বহিঃবিশ্বের কাছে তুলে ধরে আমাদের ঐতিহ্য-সমৃদ্ধি আর প্রাকৃতিক সৌন্দর্যকে বিশ্ববাসীকে জানানোর মাধ্যমে বৈদেশিক বিনিয়োগ কে আকৃষ্ট করার জন্য 'জেলা ব্র্যান্ডিং' অনন্য ও দূরদৃষ্টি সম্পন্ন একটি উদ্যোগ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে তাঁর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অর্থনৈতিক ও সামাজিক সূচকে উল্লেখযোগ্য অগ্রগতি সাধনের মাধ্যমে এগিয়ে চলেছে অমিত সম্ভাবনার দেশ বাংলাদেশ। বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে 'ডিজিটাল বাংলাদেশ' তথা মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি সুখী ও সমৃদ্ধ দেশে পরিণত করার লক্ষ্যে বদ্ধপরিকর। এই রূপকল্পসমূহ অর্জনে সরকার ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। উক্ত কর্মসূচির অংশ হিসেবে বাংলাদেশের প্রত্যেকটি জেলার স্বাতন্ত্র্য ও সম্ভাবনাসমূহকে বিকশিত করার মাধ্যমে আর্থসামাজিক উন্নয়নকে ত্বরান্বিত করতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম জেলা-ব্র্যান্ডিংয়ের উদ্যোগ গ্রহণ করেছে।

এ উদ্যোগ কে সামনে এগিয়ে নিতে এবং সফল করতে প্রতিটি জেলার জেলা-ব্র্যান্ডিংয়ের সার্বিক কার্যক্রমকে চিত্তাকর্ষকভাবে উপস্থাপনের একটি অনন্য প্রয়াস হচ্ছে ব্র্যান্ড-বুক। এই ব্র্যান্ড বুক জেলা-ব্র্যান্ডিং পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং পরবর্তীতে যাঁরা ব্র্যান্ডিংয়ের সঙ্গে সম্পৃক্ত হবেন তাঁদের জন্য জ্ঞানভাণ্ডার হিসেবে কাজ করবে। সে লক্ষ্যেই জেলা কমিটিকে এই বই প্রকাশের জন্য অনুরোধ জানানো হয়েছে। বাংলার পাশাপাশি ইংরেজিতেও বিষয়সমূহ উপস্থাপনের ফলে এই বইটির ব্যবহারের পরিধি নিশ্চিতভাবে বেড়েছে।

আমি আশা করব ভবিষ্যতে এই জেলা ব্র্যান্ডিং বই এর নতুন নতুন সংস্করণ প্রকাশিত হবে এবং ব্র্যান্ডিংকে দেশে-বিদেশে তুলে ধরতে তা কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে। জেলা প্রশাসন, মৌলভীবাজার এটুআই এবং বিভিন্ন পর্যায়ে সংশ্লিষ্ট থেকে যাঁরা এই প্রকাশনাটি সম্পন্ন করেছেন আমি তাঁদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

(কবির বিন আনোয়ার)



# Message

Director General (Administration)
Prime Minister's Office
And Project Director, a2i.

Each and every districts of Bangladesh possess some unique features and potentialities. Some part of this land have elegant natural beauty while the other parts have historical archetypes and antiques. Also most parts of this land have abundancy of agri products with lot of fruits and corps. The folk arts and cultural heritages of this country have significant history and practice as well. All the unique features and characteristics of the very part of the country need to be flourished not only inside the country but also to the rest of the world to let everyone know about the Beautiful Bangladesh and to attract Foreign Direct Investment. In this perspective district branding is a unique approach.

Bangladesh has been pacing forward with significant progress in economic and social indicators led by Honorable Prime Minister Sheikh Hasina, to build 'Sonar Bangla' the dream of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. The present government is committed to build 'Digital Bangladesh' by 2021 and a happy and prosperous country by 2041. To realize these visions, the government has taken up massive programs. As part of these programs to accelerate the momentum of development, the initiative of 'District Branding' has been undertaken by the a2i program of the Prime Minister's Office.

Brand-Book is a unique effort to impressively demonstrate the overall activities of district branding. This book will serve as a knowledge base for planning and implementing district-branding and for those who will be associated with this initiative later. For this reason, the district committee has been requested to publish this document. Bilingual feature of this book has certainly added extra advantage regarding its use. I expect, new editions of this book will be published in future and will play a crucial role in showcasing district branding at home and abroad.

My heartfelt thanks go to District Administration, Moulvibazar, a2i and all who contributed to this significant publication.

**(Kabir Bin Anwar)**



# বাণী

কমিশনার
সিলেট বিভাগ, সিলেট।

দেশের প্রতিটি জেলাকে বৈশিষ্ট্য ও স্বাতন্ত্র্যের আলোকে বিশ্বময় পরিচিত করার একটি উদ্যোগ 'জেলা ব্র্যান্ডিং'। মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) কর্মসূচির সহায়তায় দেশের সকল জেলার ব্র্যান্ডিং কার্যক্রম পরিচালিত হচ্ছে। ইতিহাস-ঐতিহ্য, শিল্প-সাহিত্য-সংস্কৃতি, সম্পদ, প্রাকৃতিক বৈশিষ্ট্য ও সম্ভাবনার নিরিখে প্রতিটি জেলাকে বিশেষভাবে উপস্থানের মাধ্যমে জেলার বিদ্যমান সম্ভাবনার বিকাশ ঘটিয়ে দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণ, কর্মসংস্থান সৃষ্টি এবং সর্বোপরি জেলার আর্থ সামাজিক উন্নয়ন করাই জেলা ব্র্যান্ডিং এর মুখ্য উদ্দেশ্য।


বর্তমান সরকার রূপকল্প-২০২১ বাস্তবায়নের মাধ্যমে মধ্যম আয়ের "ডিজিটাল বাংলাদেশ" এবং রূপকল্প ২০৪১ এর মাধ্যমে উন্নত সুখী সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে কাজ করে যাচ্ছে। সে লক্ষ্য অর্জনে জেলা ব্র্যান্ডিং ধারণাটি অত্যন্ত সহায়ক এবং সুদূরপ্রসারী ভূমিকা পালন করবে।

অমিত সম্ভাবনাময় জেলা মৌলভীবাজার। প্রকৃতির অপার সৌন্দর্য, স্থানীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর ঐতিহ্যবাহী সংস্কৃতি, মনোরম চা বাগান ও হাওড় বেষ্টিত এ জেলার পর্যটন সম্ভাবনাকে তুলে ধরতে জেলা ব্র্যান্ডিং এর বিষয় নির্ধারণ করা হয়েছে "চা এর দেশ মৌলভীবাজার"। চা এর রাজধানী খ্যাত শ্রীমঙ্গলে স্থাপন করা হয়েছে দেশের ২য় চা নিলাম কেন্দ্র। চা-কেন্দ্রিক পর্যটনের পাশাপাশি স্থানীয় অর্থনীতিতেও ব্যাপক ভূমিকা রাখবে।

জেলা ব্র্যান্ডিং সফল করতে এবং জেলা ব্র্যান্ডিং কার্যক্রমকে সফলভাবে তুলে ধরতে 'ব্র্যান্ড বুক' একটি প্রশংসনীয় উদ্যোগ। আমার বিশ্বাস, এই প্রকাশনা মৌলভীবাজারের জেলা ব্র্যান্ডিং কার্যক্রমকে আরো গতিময় করবে। আমি এ 'ব্র্যান্ড বুক' প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

(ড. মোছাম্মৎ নাজমানারা খানুম)

# সূচি



Karimganj
Beanibazar
বিয়ানীবাজার
West Barokut
Bishwanath
বিশ্বনাথ
Balikandi
Derai
Nollah Haor
Chandbharang
Goniganj
Shekpur
Nilambazar
Barlekha
বড়লেখা
Fenchuganj
ফেঞ্চুগঞ্জ
Markuli
Bagmoyna
Niz Koronshi
Hailakandi
Inathganj
Balaganj
বালাগঞ্জ
Bhukshimail
Union
Juri
জুড়ী
Ramkrishna
Nagar
Behul
Lalap
Nabiganj
নবীগঞ্জ
Kulaura
কুলাউড়া
Baniachong
Moulvibazar
মৌলভীবাজার
Dullabcherra
Kathal Tali
Katlicherra
Churaibari
Muraichhara
Eco Park
Sunaru
Putijuri
Habiganj
হবিগঞ্জ
Dharmanagar
Kamalganj
Sharifpur
Gopaya
Tea Heaven Resort
Hotel Skypark
Kailashahar
Shaistaganj
Ashidron UP
Panisagar
Thinghlun
Rajkandi
Reserve Forest
Sindurkhan UP
Chunarughat
Kamalpur
Kumarghat
Bai
Saikhawthlir
Zawlnuam
Zamuang
Google
R241
Z2016
Z2013
R250
R281
37
Z2807
R251
N208
N2
R281
R281
8
6
N2
R240
Z2823
N207
R282
R281
Z2823
6
R240
N2
N207
8
R240
N207
N2
N204
108
8
N204
17




## জেলা পরিচিতি

অপরূপ প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি মৌলভীবাজার জেলা বাংলাদেশের এক প্রাচীন জনপদ। একদিকে বিস্তীর্ণ প্রান্তর জুড়ে নয়নাভিরাম চা বাগান আর পাহাড়-টিলার অযুত বৃক্ষরাজির সবুজ বিশালতা। অন্যদিকে পাহাড় থেকে নির্গত জলপ্রপাত-ঝরণাধারা, নদ-নদী, হৃদ-খাল-বিল আর দিগন্ত বিস্তৃত হাওরের জল সাম্রাজ্য যুগ যুগ ধরে অসম্ভব মুগ্ধতায় ভরিয়ে দিয়েছে পর্যটন পিয়াসী মানুষকে। জেলাব্যাপি ছড়িয়ে ছিটিয়ে থাকা ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর বৈচিত্র্যপূর্ণ জীবন যাপন, বর্ণিল উৎসব ও স্বতন্ত্র সংস্কৃতি জেলাকে দিয়েছে এক ভিন্ন মাত্রা। দেশের সবচেয়ে বেশি চা বাগান এবং চা শিল্পের জন্য বিশ্বব্যাপী সুনাম ও পরিচিতি মৌলভীবাজার জেলাকে দাঁড় করিয়েছে এক অনন্য সু-উচ্চ স্থানে।

## Introduction to the district

The district of Moulvibazar, an ancient region of Bangladesh, is reputed for its natural beauty. In one side of the district, there are many attractive Tea Estates with panaroma of greenery on the hills while on its other side there are waterfalls rolling down the height of the hills with bounty of beauty. Rivers both big and small, lakes, canals, haors and marshes surrounds the district with their charming beauty of water bodies which attracts the tourists for ages. There are a number of ethnic groups living almost in every upazilla of the district. Diversified lifestyle, colourful festivals and individual culture of these ethnic people have added an extra attraction for the district. Moulvibazar, as a district, has the highest number of tea gardens in the country. These tea gardens and the amount of tea produced in this district have achieved a unique high place of reputation and identity for the district home and abroad.




## মানচিত্রে মৌলভীবাজার

২৭৯৯.৩৯ বর্গ কিলোমিটার আয়তনের মৌলভীবাজার জেলা বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলের সিলেট বিভাগের একটি প্রশাসনিক অঞ্চল। উত্তরে সিলেট জেলার বালাগঞ্জ, ফেঞ্চুগঞ্জ, গোলাপগঞ্জ ও বিয়ানীবাজার উপজেলা; দক্ষিণে ভারতের ত্রিপুরা রাজ্য; পূর্বে ভারতের কাছাড় জেলা (আসাম) এবং পশ্চিমে হবিগঞ্জ জেলার নবীগঞ্জ ও বাহুবল উপজেলা। জেলাব্যাপি জালের মত ছড়িয়ে আছে মনু, বরাক, ধলাই, সোনাই, জুড়ী, কুশিয়ারা, কন্টিনেলা ও গোপলা নদী। মৌলভীবাজার জেলার বৈচিত্র্যময় ৭টি উপজেলা হচ্ছে রাজনগর, বড়লেখা, জুড়ী, কুলাউড়া, শ্রীমঙ্গল, কমলগঞ্জ ও মৌলভীবাজার সদর।

## Location of Moulvibazar

Moulvibazar, an Administrative district under Sylhet division is situated at the North-East corner of Bangladesh covering an area of 2799.39 squire kilometer. Moulvibazar has boundary line with Balaganj, Fenchuganj, Golapganj and Beanibazar upazilas of Sylhet district to the North; Tripura of India to the South; Kachar district of India (Assam) to the East and Nabiganj and Bahubal upazila of Habiganj district to the West. The Monu, the Borak, the Dholai, the Sunai, the Juri, the Kushiara, the Continala and the Gopla are the major rivers of the district. Baralekha, Juri, Kamalganj, Kulaura, Moulvibazar Sadar, Rajnagar and Sreemangal are seven varied upazilas of Moulvibazar district.

## জেলার ঐতিহাসিক প্রেক্ষাপট

প্রায় ২০ লাখ লোকের আবাসভূমি মৌলভীবাজার জেলা বহু ইতিহাস ও ঐতিহ্যের ধারক ও বাহক। অসাম্প্রদায়িক এই জেলা একদিকে যেমন হযরত শাহ মোস্তফা (রহঃ) সহ বহু ওলি-দরবেশ, পীর-আউলিয়ার পূণ্যস্পর্শে ধন্য, তেমনিভাবে এখানে রয়েছে হিন্দুদের তীর্থস্থান বিষ্ণুপদ ধাম সহ হাজারো মন্দির-দেবালয়। পুরনো যুগের হিন্দু ধর্মগ্রন্থে মনু নদীর নাম রয়েছে। রামায়ণ ও মহাভারতে উল্লেখিত কুরুক্ষেত্রের যুদ্ধে এ অঞ্চলের মানুষ অংশগ্রহণ করেছিল বলে প্রাচীন শ্লোক থেকে জানা যায়। ১৮১০ খ্রিস্টাব্দে গোবিন্দশ্রী'র মৌলভী সৈয়দ কুদরত উল্লাহ মনু নদীর তীরে উত্তর পাশে যে বাজার প্রতিষ্ঠা করেছিলেন, কালক্রমে তা ১৮৮২ সালে সাউথ সিলেট মহকুমা, ১৮৮৭ সালে মৌলভীবাজার পৌরসভা এবং ১৯৮৪ সালের ২২ ফেব্রুয়ারি মৌলভীবাজার জেলা হিসাবে আত্মপ্রকাশ ঘটে। বর্তমানে ৭ টি উপজেলা, ৫ টি পৌরসভা, ৬৭ টি ইউনিয়ন ও ২১৩৪ টি গ্রাম নিয়ে মৌলভীবাজার জেলার বিস্তৃতি।

## Historical context of the district

Moulvibazar, the home of about two millions people, bears the legacy of many glorious histories and traditions. The district is equally important for the people of different religious groups. The history of the district is mingled with the notable religious saints and famous personalities. Hazrat Syed Shah Mostafa (R) and many other Dervishes and Saints lived here who were notable to the Muslim. Bishnupada Dham and many other temples and worship places in the district depict the co-existance and peaceful practices of different religions at the same time. The name of the river "Monu" has been found in the old books of Hindu Religion. It appears in the Ramayan and Mahavarat that the people of this region took part in the War of Kurukhetra. In the year of 1810 A.D. Moulvi Syed Kudrat Ullah of Gobindasree founded a market on the northern bank of the Monu river. In the course of time, it was recognized as South Sylhet sub-division in 1882 and was upgraded as Moulvibazar municipality in 1887. Finally, on 22 February, 1984, Moulvibazar was formed as a district. At present, there are 7 upazilas, 5 municipalities, 67 unions and 2134 villages in the district of Moulvibazar.




পাখির চোখে মৌলভীবাজার শহর
Moulvibazar town in bird's eye View



মৌলভীবাজার পৌরসভা মনোরম প্রাঙ্গণ
Moulvibazar Municipality Premises



নৈসর্গিক মনুনদী
Scenic Monu River



## জেলা ব্র্যান্ডিংয়ের প্রেক্ষাপট

বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করার লক্ষ্যে বর্তমান সরকার রূপকল্প-২০২১ এবং একটি সুখি ও সমৃদ্ধ উন্নত দেশে রূপান্তরের জন্য রূপকল্প-২০৪১ প্রণয়ন করেছে। উক্ত রূপকল্প সমূহ বাস্তবায়নের জন্য প্রয়োজন দ্রুত ও ধারাবাহিক অর্থনৈতিক প্রবৃদ্ধি। একটি সমন্বিত প্রচেষ্টার মাধ্যমেই কেবল অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন সম্ভব। বাংলাদেশের প্রতিটি জেলাই বিভিন্নভাবে স্বাতন্ত্র্যমন্ডিত ও অর্থনৈতিকভাবে সম্ভাবনাময়। মৌলভীবাজার জেলা তার ব্যতিক্রম নয়। মৌলভীবাজার জেলার অনন্য ভৌগোলিক বৈশিষ্ট্য, বৈচিত্র্যময় ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, প্রাকৃতিক সৌন্দর্য, ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতিকে পুঁজি করে কার্যকর ব্র্যান্ডিংয়ের মাধ্যমে জেলাটিকে দেশীয় ও আন্তর্জাতিক পরিসরে সকলের মাঝে তুলে ধরা সম্ভব ।

## The Background of District Branding

The present government has designed and formulated the 'Vision- 2021' and the 'Vision-2041' with a view to upgrading the country to a middle income country by 2021 and a developed country by 2041 respectively. To implement these visions a rapid and successive economic growth is highly needed. It is only possible through comprehensive efforts and by the exploration of all the development potentials of the country. Each of the districts of Bangladesh is financially potential and many of them are prosperous. Moulvibazar district is not an exception either. It is possible to make the district familiar and famous in home and abroad by taking the places of historical interest and cultural heritages, ethnic culture, natural beauty and financial and trading potentials into account.

চায়ের দেশ মৌলভীবাজার

**Moulvibazar: The Land of Tea**

## ব্র্যান্ডিংয়ের লোগো এবং ট্যাগ লাইন পরিচিতি

মৌলভীবাজার জেলা ব্র্যান্ডিংয়ের লোগোটিতে চা বাগানের চিরসবুজের শোভা ফুটে উঠেছে। চা বাগানের সতেজ সবুজ পাতায় পূর্ণ হয়ে আছে মৌলভীবাজারের নিসর্গশোভা। যতদূর চোখ যায় কেবল সবুজের হাতছানি। লোগোর কেন্দ্রস্থলে চা পাতা সংগ্রহের চিত্রময় উপস্থাপনের মধ্য দিয়ে '*দুটি পাতা একটি কুঁড়ি*'র দেশে স্বাগত জানানো হয়েছে। '*চায়ের দেশ মৌলভীবাজার*' ট্যাগলাইনের মাধ্যমে মৌলভীবাজারের সামগ্রিক পরিচয়কে নৈসর্গিক সৌন্দর্য্যের আবরণে ধারণ করা হয়েছে।

## Description of logo and Tag Line for Branding

The natural beauty of the ever green tea gardens has been inscribed in the Brand Logo of Moulvibazar District. The logo shows that the fascinating natural sights of the district lie on the fresh green tea leaves. In the midst of the beauty of the district the plucking process of the leaves has occupied the central place in the logo which welcomes the tourists at the place of *"Duti Pata Ekti Kurir Desh"*. In the middle of the tag line the term *"Cha Er Desh Moulvibazar"* (Moulvibazar: the land of tea) depicts the all round natural beauty of Moulvibazar.

# পর্যটনে মৌলভীবাজার

# Tourism in Moulvibazar



যতদূর চোখ যায় মসৃণ সবুজে ছাওয়া উঁচু-নিচু টিলা, উপরে বিস্তৃত নীল আকাশ। এদিক ওদিক তাকালেই চোখে পড়ে সবুজ বনানী আর বর্ণিল সব পাখি। চা বাগান, লেক, হাওর, উঁচু-নিচু পাহাড়, ঘন জঙ্গল, খনিজ গ্যাসকূপ, আনারস, লেবু, পান, আগর ও রাবার বাগান দিয়ে সাজানো অদ্ভুত সুন্দর এই জায়গাটির নাম মৌলভীবাজার। বাংলাদেশের সবচেয়ে বেশি শীত প্রধান অঞ্চল আবার সবচেয়ে বৃষ্টি প্রবন অঞ্চল হিসাবেও এ জেলা পরিচিত। তাইতো বৃষ্টিতে ভিজতে কিংবা কনকনে শীত অনুভব করতে এখানে দুই মৌসুমেই পর্যটকের ভীড় লেগে থাকে।



এ জেলায় বছরে আনুমানিক ৫ লক্ষ পর্যটকের আগমন ঘটে। জেলাব্যাপি পর্যটকদের জন্য রয়েছে শতাধিক আবাসিক হোটেল-রিসোর্ট এবং রেস্টুরেন্ট। ঢাকা, চট্টগ্রাম, সিলেট ও দেশের অন্যান্য স্থান থেকে মৌলভীবাজার আসার জন্য বিভিন্ন বাস ও ট্রেন সার্ভিস রয়েছে। বিভিন্ন পর্যটন স্থান ভ্রমণের জন্য অভ্যন্তরীণ যোগাযোগ ব্যবস্থা হিসেবে রয়েছে বাস, মাইক্রোবাস, প্রাইভেট কার, সিএনজি, ইজিবাইক, রিক্সা ইত্যাদি।



So far The sight goes, numorous hillocks locally known as *'tilla's* covered with greenery lies with their extraordinary beauty beneath the charming blue sky. There are dense green forests and birds of different colour are found everywhere in the forests in Moulvibazar. Moulvibazar is a combination of tea graden, lakes, haors, hills of different height, dense forests, wells for natural gas and pineapples, betal leaves, agor and rubber gardens. Moulvibazar district is well known as the district of highest rainfall in the country. So, the tourists gather here to see the nature both in the rain as well as in the wintry cold.




About 5 lakhs tourists visit this district every year. More than one hundred reputed residential hotels, resorts and restaurants are ready here to welcome and entertain the visitors. There are a several bus and train services from Dhaka, Chattagong, Sylhet and other places of the country by which to reach Moulvibazar. For internal tours within the district there are also buses, micro-buses, auto-rickshaws and other transport services for the visitors.



## চা বাগান

চা বাগানের নৈসর্গিক সৌন্দর্য, শ্রমিকদের পাতা তোলার অসাধারণ কৌশল, কারখানায় চা উৎপাদন প্রক্রিয়া- সব কিছুই পর্যটককে মুগ্ধতায় ভরিয়ে দেয়। চা বাগানে প্রবেশ করলে মনে হয় কোনো দক্ষ শিল্পী যেন তার সুনিপুণ হাতে মনের মাধুরী মিশিয়ে স্তরে স্তরে সবুজকে সাজিয়ে রেখেছেন, যা দেখে কখনো মনে হয় সাগরের ঢেউ আবার কখনো মনে হয় পাহাড়ের ঢালে সবুজ গালিচা বিছানো মাঠ। বাগানের ব্যবস্থাপক ও কর্মকর্তাদের জন্য রয়েছে দৃষ্টিনন্দন সব বাংলো। ঐতিহ্যবাহী বৃটিশ স্থাপত্য শৈলীর এ বাংলোগুলোর সৌন্দর্য সত্যি মনোমুগ্ধকর। কানাডিয়ান ফ্রিল্যান্স লেখক এন্টনি আর ডেন্টন এই অপরূপ সৌন্দর্যে মুগ্ধ হয়ে মৌলভীবাজারকে 'একখণ্ড স্বর্গ' বলে আখ্যায়িত করেছেন।

বাংলাদেশের ১৬৩টি চা বাগানের মধ্যে ৯২টি চা বাগানই এ জেলায় গড়ে উঠেছে। চা বাগানের আওতাধীন ১ লক্ষ ৫৫ হাজার ৩ শত একর জমির ৮৫ হাজার ১ শত ৪০ একর ভূমিতে গড়ে তোলা এই চা বাগানগুলো বার্ষিক প্রায় সাড়ে ৪ কোটি কেজি চা উৎপন্ন করে বাংলাদেশের বৈদেশিক মুদ্রা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।



চা বাগান, মৌলভীবাজার
Tea Garden, Moulvibazar

## Tea Gardens

Tea gardens in Moulvibazar are not merely the source of livelihood and business. The artistic technique of plucking tea leaves by the laborers is also a matter of attraction for the tourists. Visitors come to see the method of tea processing in the factories as well. At the very entrance to the the tea gardens it is observed that the skilled hands has decorated the garden with green rows with the expression of an aesthetic taste. Then felt like a vast ripple in the sea or a field wrapped with green carpet on the slope of the hill velly. Fascinating banglows have been made for the manager and the officials of tea gardens. The sculpturaral beauty of these traditional British style banglows is really fascinating. A Canadian freelance writer Antony R Denton being fascinated by the natural beauty of Moulvibazar praised Moulvibazar as "A Piece of Paradise".

Out of 163 tea gardens in Bangladesh, 92 gardens are in Moulvibazar district. The total area of land owned by the gardens is 85 thousands 1 hundred and 40 acres and the annual production of these tea gardens is about 4 Crore Kgs. This tea is exported to foreign countries after meeting the home consumption and tea is one of the major export items of Bangladesh.




## চা কন্যা

ঢাকা-মৌলভীবাজার মহাসড়কের আঁকাবাঁকা পথের কোণে মৌলভীবাজারের প্রবেশদ্বারে সাতগাঁও নামক স্থানে চা-কন্যা ভাস্কর্যটি চায়ের দেশে স্বাগত জানানোর জন্যে যেন নীরবে ঠাঁয় দাঁড়িয়ে আছে। 'চায়ের দেশে স্বাগতম' এই আহবানটি মৌলভীবাজারে পর্যটকদের আগমনকে স্মরণীয় করে তোলে। মৌলভীবাজার জেলার তৎকালীন জেলা প্রশাসক জনাব মফিজুল ইসলাম-এর উদ্যোগে এবং সাতগাঁও চা বাগানের সৌজন্যে ২০১০ সালে শিল্পী সঞ্চিত রায় ইট-সিমেন্ট ব্যবহার করে ২৪ ফুট উঁচু দৃষ্টিনন্দন ভাস্কর্যটি নির্মাণ করেন।

## *Cha Kanya* (The Tea Girl)

A Sculpture with '*CHA ER DESHE SWAGATAM*' inscribed on, standing by the side of the Dhaka-Moulvibazar highway at the entry point of Moulvibazar district near Satgaon. This statue is one the major tourist attractions relating to tea gardens. Mr. Mafizul Islam, the then Deputy Commissioner (DC) of Moulvibazar was privotal in taking steps and in association with Satgaon Tea Estate Architect Sanchit Roy build the 24 feet high iconic statue in 2010.

চা কন্যা
Cha Kanya (The Tea Girl)



কাজ শেষে বাড়ি ফিরছেন চা শ্রমিকরা
Tea labourers are returning home after duty



চা উৎপাদন প্রক্রিয়া
Tea Processing

# চা জাদুঘর

# Tea Museum



চা বোর্ডের চেয়ারম্যান থাকাকালীন বঙ্গবন্ধুর ব্যবহৃত চেয়ার ও টেবিল
During the tenure of Tea Board Chairman, this chair and table was used by Bangabandhu

বাংলাদেশ চা শিল্পের ইতিহাস প্রায় দেড় শতাধিক বছরের প্রাচীন। ১৮৫৪ সালে সিলেটের মালনীছড়ায় প্রথম চা বাগান প্রতিষ্ঠার পরে থেকে চা শিল্পের অনেক ঐতিহাসিক স্মৃতিচিহ্ন ধরে রাখার জন্য শ্রীমঙ্গলে প্রতিষ্ঠা করা হয়েছে একটি চা জাদুঘর। দেশের চা বাগানগুলোতে ছড়িয়ে ছিটিয়ে থাকা প্রাচীন ঐতিহ্যের নিদর্শনসমূহকে সংরক্ষণ করে নতুন প্রজন্মের সাথে পরিচয় করিয়ে দেয়ার জন্য গুরুত্বপূর্ণ সেতুবন্ধন হিসেবে কাজ করছে জাদুঘরটি।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৪ জুন ১৯৫৭ সাল থেকে ২৩ অক্টোবর ১৯৫৮ সাল পর্যন্ত তৎকালীন চা বোর্ডের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন। চা বোর্ডের চেয়ারম্যান থাকাকালীন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ব্যবহৃত চেয়ার।

Tea Industry in Bangladesh is of about one hundred and fifty years old. The first ever tea garden of Bangladesh was established at Malnichara in Sylhet in 1854. To preserve the history of the tea industry, a Tea Museum has been established in Sreemangal. This Museum has been acting as an important bridge in preserving the old heritages and introducing them to the new generations.

This chair was used by Bangabandhu Sheikh Mujibur Rahman when he was the chairman of Bangladesh tea board.



চা জাদুঘর, শ্রীমঙ্গল
Tea Museum, Sreemangal



সবুজ চা উপত্যকা
Green Tea Valley




## বিটিআরআই

উচ্চ ফলনশীল ও উন্নতমানের চা বিজ্ঞানসম্মত উপায়ে উৎপাদন ও গবেষণার জন্য মৌলভীবাজারের **শ্রীমঙ্গল শহরের** অদূরে ১৯৫৭ সালের ২৮ ফেব্রুয়ারী স্থাপিত হয় বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট (বিটিআরআই)। বাংলাদেশ চা বোর্ডের আওতাধীন দেশের একমাত্র চা গবেষণা প্রতিষ্ঠান। এ পর্যন্ত প্রতিষ্ঠানটি উচ্চ ফলনশীল ও আকর্ষণীয় গুণগতমান সম্পন্ন ২০টি ক্লোন ও ৫টি বীজজাত উদ্ভাবন করেছে।

এটি মৌলভীবাজারের অন্যতম পর্যটন আকর্ষণ। বিটিআরআই চা বাগান গুলোতে বছর জুড়েই পর্যটকদের আনাগোনা থাকে।

## BTRI

In order to produce high yielding and high quality tea by scientific research Bangladesh Tea Research Institute (BTRI) was set up near Sreemangal town of Moulvibazar on February 28, 1957. It is only Tea Research Institute under Bangladesh Tea Board. By this institute has successfully invented 20 clones and 5 varieties of seeds which are high yielding and of great quality.

It is one of the tourist attractions of Moulvibazar. Tourists gather at the tea gardens of BTRI round the year.



## সাতরঙের চা

মৌলভীবাজারে আগত পর্যটকের কাছে আরেক বিস্ময় শ্রীমঙ্গলের 'সাত রঙের চা'। রমেশ রামগৌড়-এর এক গ্লাসে তৈরি বিস্ময়কর ও জাদুকরী সাত রঙের চা পাওয়া যায় শ্রীমঙ্গলের রামনগরের মনিপুরীপাড়ায় এবং কালিঘাট সড়কের নীলকণ্ঠ চা কেবিনে।

## Seven Layer Tea

The 'Seven Layer Tea' in Sreemangal is another wonder for the visitors to Moulvibazar. This wonderful and enchanting multi-colour tea in a glass is available both in Neelkanta Tea Cabin-Ramnagar, Monipuripara and Khalighat Road, Sreemangal.



চা বাগান, মৌলভীবাজার
Tea Garden, Moulvibazar

## মাধবপুর লেক

মৌলভীবাজারের কমলগঞ্জ উপজেলার মাধবপুর চা বাগানের পাহাড়ি টিলার মাঝে 'মাধবপুর লেক'। মৌলভীবাজার শহর থেকে প্রায় ৪০ কিলোমিটার দক্ষিণে ও শ্রীমঙ্গল উপজেলা শহর থেকে প্রায় ২০ কিলোমিটার দক্ষিণ-পূর্বে এর অবস্থান। চারদিকে সবুজ পাহাড়। পাশাপাশি উঁচু উঁচু টিলা আর সারি সারি চা গাছ। চারদিকে অনুচ্চ পাহাড়ের মাঝখানে অবস্থিত লেকটি সত্যিই অপূর্ব। মাধবপুর লেকের টলমলে পানি, ছায়া সুনিবিড় পরিবেশ, শাপলা শালুকের সৌন্দর্য পর্যটকের মাঝে এক মনোমুগ্ধকর অনুভূতি জন্মায়। ইচ্ছে করলে উপমহাদেশের সবচেয়ে বড় চা প্রক্রিয়াকরণ কারখানাটি এখানে দেখে নেয়া যাবে।

পর্যটকদের রোমাঞ্চিত করে এমন আরো কয়েকটি দৃষ্টিনন্দন লেক ছড়িয়ে আছে মৌলভীবাজার জেলার চা বাগানগুলোতে। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি হচ্ছে শ্রীমঙ্গলের ভাড়াউড়া, রাজঘাট, হরিণছড়া, সাতগাঁও লেক, রাজনগরের মাথিউরা চা বাগান লেক, বড়লেখার উত্তর সমনবাগ বেকি লেক, কুলাউড়ার গাজীপুর চা বাগান লেক, কমলগঞ্জের আলীনগর চা বাগান লেক ইত্যাদি।

## Madhabpur Lake

Madhabpur Lake is situated in the valley of hillocks at Madhabpur Tea Estate under Kamalganj Upazilla. It is situated at abut 40 kilometers south of Moulvibazar town and about 20 kilometers South-East of Sreemangal town. The lake is formed in the green hillocks. This lake is also famous for the wildlife in the bordering hills and hillocks. The visitors become enchanted by the beauty of the lake with floating blue lotus.

Many other lakes are situated in the tea gardens of Moulvibazar District which is widely visited and liked by the tourists. Some other famous lakes are Bharaura, Rajghat, Horincherra, Satgaon lakes of Sreemangal, Mathiura Lake in Mathiura Tea Garden Lake of Rajnagar, Uttor Somonbag Lake of Barlekha, Gazipur Tea Garden Lake of Kulaura, Alinagar Tea Garden Lake of Kamalganj etc.



মাধবপুর লেক, কমলগঞ্জ, মৌলভীবাজার
Madhabpur Lake, Kamalganj, Moulvibazar



রাবার বাগান, মৌলভীবাজার
Rubber Plantation, Moulvibazar

## রাবার

'সাদা সোনা' বলে খ্যাত রাবার একটি মহামূল্যবান সম্পদ। সিলেট বিভাগের মধ্যে মৌলভীবাজার জেলায় সবচেয়ে বেশি রাবার উৎপাদিত হয়। জেলায় ২টি সরকারী রাবার বাগানসহ প্রায় ৬০টি নয়নাভিরাম ছোট-বড় রাবার বাগান রয়েছে। কুলাউড়া উপজেলার ২৫৪২ একর বিশিষ্ট ভাটেরা রাবার বাগানে ২৪৬৭ একর এলাকায় ১৯৬৬ সাল থেকে রাবার আবাদ করা হচ্ছে। শ্রীমঙ্গল উপজেলার ১৭৪৪ একর বিশিষ্ট সাতগাঁও রাবার বাগানের ১৭৪৪ একর এলাকায় ১৯৭১ সাল থেকে রাবার আবাদ করা হচ্ছে।

মৌলভীবাজারের রাবার শিল্পকে কেন্দ্র করে সম্প্রতি শ্রীমঙ্গল উপজেলায় একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন রাবার কাঠ ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন করা হয়েছে।



## Rubber

Rubber commonly known as "White Gold" is undoubtedly a valuable resource. Moulvibazar district has the largest share of the rubber produced in Sylhet division. There are total 60 big and small rubber gardens including two government owned gardens in this district. The Vatera rubber garden in Kulaura upazila consists of 2542 acres of land out of which rubber has been planted on 2467 Acres. Rubber has been planted on 1744 Acres of land of Satgaon rubber garden under Sreemangal upazila since 1971.

Based on the Rubber industry of Moulvibazar a high power rubber wood treatment plant has been established at Sreemangal upazila.

## আগর-আতর

মৌলভীবাজারের বড়লেখা উপজেলার সুজানগরে প্রায় চারশত বছর ধরে আগর গাছ থেকে তৈরি হচ্ছে মূল্যবান তরল আতর। ব্যবসায়িক দৃষ্টিতে আগর-আতরকে বলা হচ্ছে তরল সোনা। আরব বণিক থেকে ভারতীয় ব্যবসায়ী সবাই ছুটে এসেছেন এর সুবাস নিতে। সুজানগরে রয়েছে ৩৫০টির বেশি ছোট-বড় আতর তৈরির কারখানা। এ শিল্পে জড়িত রয়েছেন সুজানগর, রফিনগর, বড়থল, শালদিঘা ও হাসিমপুর গ্রামের প্রায় ৩০-৩৫ হাজার নারী-পুরুষ। এখানকার তৈরি আতর সৌদি আরব, কুয়েত, ইরাক, ইরান, সংযুক্ত আরব আমিরাত সহ মধ্যপ্রাচ্যের প্রতিটি দেশ ছাড়াও ইউরোপে রপ্তানি হচ্ছে। বাংলাদেশ থেকে প্রতি বছরে প্রায় ৫০০-৬০০ কোটি টাকার আতর রপ্তানি হচ্ছে। আতরের আতুড়ঘর সুজানগর হলেও পার্শ্ববর্তী জুড়ী উপজেলায়ও বর্তমানে এর উৎপাদন বিস্তার লাভ করেছে।

২০১৩ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বড়লেখা এসে আগরকে ক্ষুদ্র শিল্প হিসাবে ঘোষণা দেন। ২০১৪ সালে শিল্প মন্ত্রণালয় আগরকে শিল্প হিসেবে আনুষ্ঠানিক অনুমোদন দেয়। উন্নত মানের প্রযুক্তি ও সার্বিক সহযোগিতা প্রদান করে আগর ক্লাস্টারকে দেশের অন্যতম রপ্তানি পণ্যের শীর্ষে নিয়ে যাওয়ার লক্ষ্যে মৌলভীবাজার জেলা প্রশাসন কর্তৃক আগরকে ২০১৬ সালে 'এক জেলা এক পণ্য' কর্মসূচির আওতায় নিয়ে আসা হয়েছে।

## Agor-Ator

Ator, a valuable perfume, is being produced from the Agor tree in Sujanagar of Baralekha upazila of Moulvibazar is traced about 400 years back. It is called Liquid Gold considering its commercial prospects and value. Agor-Ator has achieved the commercial value as a product Arabian and Indian businessmen all came to collect it. There are more than 350 Ator manufacturing factories in Sujanagar. About 30 to 35 thousand men and women of Sujanagar, Rafi Nagar, Borthal, Shalgigha and Hashimpur village work in the agor plantation. In addition, Saudi Arabia, Kuwait, Iraq, Iran, United Arab Emirates Ator is being exported in Europe also. At present Ator worth Tk. 500-600 Crore is being exported every year. Though the hub of Ator is Sujanagar, production of agor-ator has now expanded to near Juri upazila also.

The Honourable Prime Minister Sheikh Hasina visited Baralekha in 2013 and declared agor industry as small industry. The Ministry of Industry approved the agor as the small industry officially in 2014. By ensuring the use of the best of technology and by offering all possible co-operation, District Administration, Moulvibazar has chosen agor as the product of "One District One Product" in 2016.



আগর বাগান, সুজানগর
Agor Plantation, Sujanagar









বাংলা পানের বরজ
Plantation of Bangla Betel Leaf

## পান

মৌলভীবাজার তথা সিলেট অঞ্চলে অতিথি আপ্যায়নের অন্যতম উপকরণ হলো পান। এখানে বিয়ে-শাদীর মতো সামাজিক আলাপন পান ছাড়া মোটেই জমে না। মৌলভীবাজার দু'ধরনের পান উৎপাদনের জন্য প্রসিদ্ধ। খাসিয়া বা খাসি পান ও বাংলা পান বা মিঠা পান।

খাসিয়া জনগোষ্ঠীর একমাত্র আদি পেশা পান চাষ। তাঁরা গহীন অরণ্যে বড় বড় গাছে পান চাষ করে। খাসিয়া পান সহজে পঁচন ধরে না, স্বাদও আলাদা। প্রায় দুইশ বছরের ঐতিহ্যবাহি মৌলভীবাজারের বাংলা পান। মিষ্টি স্বাদে এ পান ঔষধি হিসেবেও পরিচিত। সদর, রাজনগর ও শ্রীমঙ্গল উপজেলাসহ জেলার বিভিন্ন প্রান্তে বারই সম্প্রদায়ের লোকজন বরজ তৈরী করে বাংলা পান চাষ করে থাকেন।

এই দুই ধরণের পান স্থানীয় চাহিদা মিটিয়ে বিদেশে রফতানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা আয় হয়। ঢাকা এবং দেশের বিভিন্ন অঞ্চলের ব্যবসায়ীরা এখানে এসে পান সংগ্রহ করেন। তাই খাসিয়া পান ও বাংলা পান মৌলভীবাজারের সম্ভাবনাময় কৃষিপণ্য হিসেবে আত্মপ্রকাশ করেছে।

## Betel Leaf

Betel leaf is a common element in the Sylhet region by which to welcome a guest. Betel leaf is also essential in the discussion about marriage and other social gatherings. Moulvibazar is famous for producing two kinds of betel leaves. These are Khashia or Khashi betel leaf and Bangla or sweet betel leaf.

The main occupation of the Khashia People is growing betel leaf. They grow betel leaves on big trees of the forests. The Khashia Betel leaves do not perish early. It also has a very special taste. The Bangla betel leaf of Moulvibazar is a tradition for about two hundred years. This sweet leaf is also used as medicine. The people from *Baroi* Community of Moulvibazar Sadar, Rajnagar and Sreemangal upazilas of the district cultivate this betel leaf.

These two kinds of betel leaves are also exported and earned huge amount of foreign currency. The traders from Dhaka and other places come to Moulvibazar to collect these for trading. Thus, Khashia and Bangla betel leaf has emarged as a potential agro product of Moulvibazar.



খাসিয়া পান সংগ্রহ
Collecting of Khashi Betel Leaf



হাইল হাওরে কালেম পাখি
Kalem Birds of Hail Haor

## হাওর

বর্ষায় অথৈ জল, শীতে পাখির উল্লাস, বছর জুড়ে উদ্ভিদ-প্রাণীবৈচিত্র্য নিয়ে মৌলভীবাজারের হাওরগুলো যেন দূরের মানুষকে টানে। একদিকে বাংলাদেশের সবচেয়ে বড় হাওর হাকালুকি। সাথে দেশের অন্যতম বৃহৎ হাওর কাউয়াদীঘি আর বাইক্কাবিলের জন্য বিখ্যাত হাইল হাওর। রয়েছে বড় হাওর, হাওর করাইয়া, পূবের হাওরসহ ছোট বড় ৬টি হাওর। যা হাজারো পাখির কলতান, মাছ ও জলজ উদ্ভিদের আঁধার।

## Haor (Wetland)

The haors of Moulvibazar attract the visitors from remote places with huge water in the Rainy Season, with joy of the birds in the winter and Biodiversity around the year. Moulvibazar has the country's biggest haor Hakaluki and in other side, one of the greatest haors Kawadighi and Hail haor which is famous for Baikka Beel. Moreover, there are 6 big and small haors including the Boro haor, the Haor Koraiya and the Puber Haor etc. which are habitats for birds, fishes and water plants.



কাউয়াদীঘি হাওর
Kawadighi Haor

## কাউয়াদীঘি হাওর

বর্ষায় রাজনগর উপজেলার কাউয়াদীঘি হাওর যেন এক অপরূপ মোহমায়া তৈরী করে। প্রতি মুহূর্তে পাল্টায় আকাশ-জলের রূপ। হাওরটিও নানান জাতের মাছ ও জলজ উদ্ভিদের জন্য বিখ্যাত। এই নৈসর্গিক জলাভূমি হয়ে ওঠতে পারে দেশ-বিদেশের হাজার মানুষের বছর ঘুরে বেড়ানোর অন্যতম জায়গা।

## Kawadighi Haor

During the Rain Kawadighi haor under Rajnagar upazila creates a beutiful appeal. The colour of the sky and water changes every hour. This haor is also famous for various kinds of fishes and water plants. This splendid marshy land may become an attractive place for thousands of tourists both from local and abroad.



## হাকালুকি হাওর

সিলেটের ৩টি উপজেলাসহ মৌলভীবাজারের বড়লেখা, জুড়ী ও কুলাউড়া উপজেলায় বিস্তৃত হাকালুকি হাওর। বর্ষাকালে ২৩৮টি বিল ও ১০টি নদী একীভূত হয়ে প্রায় ২৫ হাজার হেক্টর এলাকাজুড়ে সাগরের ন্যায় এক বিশাল জলাশয়ের রূপ ধারণ করে। বর্ষার শেষ, আর শীতের শুরুতে এক মায়াবী রূপ ধারণ করে হাকালুকি। হাকালুকির সূর্যাস্তের রূপ দেখে অভিভূত না হয়ে উপায় নেই। পর্যটকদের সুবিধার্থে হাওরে ৩টি সুউচ্চ পর্যবেক্ষণ কেন্দ্র রয়েছে।

## Hakaluki Haor

The Hakaluki Haor is expanded over a vast area of Barlekha, Juri and Kulaura upazilas of Moulvibazar with other 3 upazillas of Sylhet District. In the rainy season 238 beels (small water bodies) and 10 rivers join with one another, extend over 25 thousand hector land and shaped as a vast as a sea. At the end of the rainy season and at the outset of the winter the Hakaluki Haor takes a heavenly look. The sight of the setting sun is always exceptional in the Hakaluki Haor. For the convenience of the tourists 3 large watch towers have been built.

হাকালুকি হাওরে সূর্যোদয়
Sunrise at Hakalukir Haor



## Hail Haor and Baikka Beel

Hail Haor of Moulvibazar, a very important wetland covering about 10 thousand hectors of land, is full of natural resources and various wildlives. Considering wildlives and natural resources it is also an important source of livelihood. It is expanded over hundreds of villages of Kalapur, Bhunobir, Sreemangal and Mirzapur unions in Sreemangal and Nazirabazar union of sadar upazil. It is a safe shelter of many species of birds, snail, oyster, grass, water-lily with other plants and many other wild species. Water cock is the wellknown bird of Hail Haor.

The Baikka Beel surrounding an area of about 100 hector land is the name of the marshy land is situated at Hail Haor. For the Biodiversity and fish sanctuary the haor is well known equally to the country and abroad. Many species of fishes are found in the haor and it is a breeding place to many of the rare fishes. This is a safe shelter to the birds that comes from the cold Siberia and other places during the winter. Thousands of water lily and lotus bloom in this charming water. There is a watch tower for the tourists to watch the distant birds and vegetation with a powerful telescope.

## হাইল হাওর ও বাইক্কা বিল

মৌলভীবাজারের ঐতিহ্যবাহী হাইল হাওরের আয়তন প্রায় ১০ হাজার হেক্টর। প্রাকৃতিক সম্পদ, জীববৈচিত্র্য ও জীবন জীবিকার বিবেচনায় অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি জলাভূমি। শ্রীমঙ্গলের কালাপুর, ভূনবীর ও মির্জাপুর এবং সদর উপজেলার নাজিরাবাদ ইউনিয়নের অর্ধশতাধিক গ্রাম নিয়ে বিস্তৃত এ হাওর দেশি বিদেশি নানা প্রজাতির পাখি, শামুক, ঝিনুক, ঘাস, শাপলা, শালুক, হিজল-করচসহ নানান জলজউদ্ভিদ এবং বন্যপ্রাণির নিরাপদ আবাসস্থল। হাওরের সুপরিচিত পাখি কুড়া বা ডাহুক।

হাইল হাওরের প্রায় ১০০ হেক্টর আয়তনের জলাভূমির নাম বাইক্কাবিল। জীববৈচিত্র্য আর মাছের অভয়াশ্রম বিলটিকে দেশ ছাড়িয়ে বিদেশেও পরিচিত করে তুলেছে। অনেক প্রজাতির মাছ এখানে বংশবৃদ্ধি করে পুরো হাওরে ছড়িয়ে পড়ে। এই বিল শুধু মাছের জন্য নয়, স্থানীয় ও পরিযায়ী পাখি, জলজ উদ্ভিদ আর প্রাণবৈচিত্র্যের এক নিরাপদ আবাসস্থল। মনোমুগ্ধকর এ জলাভূমিতে হাজারো শাপলা, শালুক আর পদ্মফুল ফোটে। পর্যবেক্ষণ টাওয়ার থেকে শক্তিশালী দূরবিক্ষণ যন্ত্রের সাহায্যে পাখি দেখার ব্যবস্থা রয়েছে।



হাইল হাওরের জলজ উদ্ভিদ
Aquatic plants of Hail Haor



হাকালুকি হাওর
Hakaluki Haor



হাইল হাওরে পরিযায়ী পাখি
Migratory birds in Hail Haor



হাইল হাওর
Hail Haor




হাইল হাওরে ডাহুক/কুড়া পাখি
Water Coock in *Hail Haor*



সন্ধ্যায় হাকালুকি হাওর
Hakaluki Haor in Dusk



বাইক্কা বিলের পাখি
Birds in the *Baikkabeel*



হাইল হাওরে গোলশা মাছ
*Golsha* Fish in Hail Haor



হাইল হাওরে রাণী মা
*ni* Fish in Hail Ha

# মৌলভীবাজারের হাওরগুলোতে পাওয়া নানান জাতের মাছ
# Different Type of Fishes of Haors of the District








# নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী ও সংস্কৃতি
# Ethnic People and Culture








মনিপুরি রাখাল নৃত্য
Monipuri Rakhal Dance



চা শ্রমিক জনগোষ্ঠির কাঠি নৃত্য
Kathi Dance of Tea Labourers Community

## নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী

মৌলভীবাজারের পাহাড় ও সমতলে কমবেশি প্রায় ৪০টি ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর বসবাস। নৃ-তাত্ত্বিক পরিচয়ে তাদেরকে মঙ্গোলয়েড বা অস্ট্রিক শাখাভুক্ত উপজাতি বলে অভিহিত করা হয়। এরমধ্যে মণিপুরী, খাসি বা খাসিয়া, গারো, সাঁওতাল, ত্রিপুরা, পাত্র, হাজং, কুকি, শব্দকর, আলাম বা হালাম ইত্যাদি উল্লেখযোগ্য।

মৌলভীবাজারের কমলগঞ্জ উপজেলায় মণিপুরী সম্প্রদায়ের বৃহৎ একটি অংশের বসবাস। এছাড়াও শ্রীমঙ্গল, বড়লেখা, জুড়ী ও কুলাউড়ায় কিছু মণিপুরী পরিবার বসবাস করে। মণিপুরীদের প্রধান পেশা হলো কৃষি। মণিপুরী সম্প্রদায়ের মেয়েরাও কৃষিকাজ করে থাকেন। মণিপুরী তাঁতের শাড়ি, চাদর দেশে-বিদেশে খুব জনপ্রিয়।

জেলা জুড়ে বিভিন্ন পাহাড়ি টিলায় অনেক খাসিয়া বাস করে থাকে। খাসিয়াদের সংস্কৃতি এ জেলার আরেক মূল্যবান সম্পদ। খাসিদের প্রধান পেশা পান চাষ। এদিকে মৌলভীবাজারের ৯২টি চা-বাগানে চা-শ্রমিকদের মধ্যে বিভিন্ন ক্ষুদ্র ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জাতিসত্তার বসবাস। এরমধ্যে ওঁরাও, ভুঁইয়া, নায়েক, গৌড়, কাহার, গঞ্জু, আলমিক, পাসি, হাজরা, দোসাদ, নুনিয়া, রবিদাস, পরাধান, বাউরি, পান, পবর, তেলেগু ভূমিজ, ঘাসি, হাজং, বড়াইক, মুন্ডা, তাতি, লোহার, তুরি, মহালি, কিসান, নাগিসিয়া, রাজগন্দ, মালপাহাড়িয়া, খারওয়ার, খড়িয়া ইত্যাদি উল্লেখযোগ্য।

## Ethnic Groups

More or less 40 small ethnic groups live on the hills and plain lands of Moulvibazar. They have origins from Mongoloyed or Ostric nation. Out of them Monipuri, Khashia, Garo, Shawtal, Tripura, Patro, Hajong, Kuki, Shobdokar, Alam or Halam are worth mention.

The greater portion of the Monipuri community lives in Kamalganj upazila of Moulvibazar. However some Monipuri families live in Sreemongal, Baralekha, Juri, Kulaura and other places of the district. The principal occupation of the Monipuris is agriculture. The women of Monipuri community are also involved with cultivation. Handloom Shari and shawl made by the Monipuri people is very popular both home and abroad.

A good number of Khashia people live in different hillocks of the district. The culture of the Khashia is another valuable element of the district. There are also other small ethnic groups found in the tea gardens of Moulvibazar. Out of them Oraow, Bhuiyan, Nayek, Gourh, Kahar, Gonju, Almic, Pashi, Hazra, Dushad, Nonia, Robidash, Poradhan, Bauri, Paan, Pobor, Telego, Bhumij, Ghashi, Hajong, Boraik, Munda, Tati, Luhar, Turi, Mohali, Kishan, Nagishia, Rajgondo, Malpaharia, Kharwar, Khobia etc. are



ওয়ানগালা উৎসব
Wangala Festival



খাসিয়া পান সংগ্রহ
Khasia Betel Leaf Collection



মণিপুরি তাঁত
Monipuri Hand-loom

## সংস্কৃতি

মৌলভীবাজার জেলায় রয়েছে বৈচিত্র্যপূর্ণ সাংস্কৃতিক ঐতিহ্য। ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর রয়েছে নিজস্ব সংস্কৃতি, উৎসব ও ভাষা। মণিপুরি, খাসিয়া, সাঁওতাল, টিপরা ও গারো সম্প্রদায়ের স্বতন্ত্র জীবনাচার এবং বৈচিত্র্যপূর্ণ জীবন ও সংস্কৃতি দেখলে খানিক সময়ের জন্য হলেও পর্যটকদের প্রকৃতির সাথে মিশে যেতে মন চাইবে। প্রতি বছর চা বাগানগুলোয় 'ফাগুয়া উৎসব', টিপরাদের 'বৈসু উৎসব', মণিপুরিদের 'রাস উৎসব' ও গারোদের 'ওয়ানগালা উৎসব' উদযাপিত হয় জাঁকজমকভাবে।

মণিপুরী বিষ্ণুপ্রিয়া ও মৈতৈই সম্প্রদায়ের প্রধান ধর্মীয় আচার 'রাস উৎসব' দেশ-বিদেশে ব্যাপক জনপ্রিয়। 'লাই-হারাওবা' মৈতৈইদের একটি বড় ধর্মীয় উৎসব। মণিপুরী নৃত্য বাংলাদেশের সংস্কৃতিকে করেছে আলোকিত। খাসিয়াদের উল্লেখযোগ্য চারটি নৃত্য হচ্ছে লাহো, রেহাডিনক্লাস, বংখীবাথ পর্ব, হকতই। এই চারটি অনুষ্ঠানের ভিতর দিয়ে তাদের নিজস্ব সাংস্কৃতিক কর্মকাণ্ড ফুটে উঠে। ত্রিপুরারা বাংলা নববর্ষের প্রথম দিনটিকে ঘিরে তিনদিনের বৈসুক উৎসব পালন করে থাকে।

## Culture

Moulvibazar district is enriched with variety of cultural traditions. Each ethnic group has their own culture, festival and languages. Observing the unique and diversified life & culture of Monipuri, Khasi, Santhal, Tripuri and Garo communities, tourist will be fascinated to be amongst the nature for a while. Every year, Fagua Festival in the tea gardens, Boishu Festival of the Tipras, Rush Fastival of Monipuris and Wangala Festival of Garo is celebrated gorgiously.

The Rush Festival of Monipuri Bishnupria and Moitoi caste is very popupar in home and abroad. "Lai harawba" is a religious festival of Moitoi caste. The Monipuri Dance is a strong element to the culture of Bangladesh. The four notable dances of the Khashia people are Laho, Rehadinkhlas, Bonkhibath Purbo and Hoktoi. These four functions display their overall cultural activities. The Tripuras observe a three day long Boishaki function starting on the first day of Bangla New year.



মণিপুরিদের মৃদঙ্গ নৃত্য
Monipuri *Mridongo* Dance



গারো সম্প্রদায়ের ঐতিহ্যবাহী ওয়ানগালা উৎসব
*Traditional Wangala Festival of Garo Community*



মণিপুরি রাস নৃত্য
Monipuri Rash Dance



মনিপুরি তাঁত
Monipuri Handloom

ছবি: সংগৃহিত
Photo: Collected





মনিপুরি শাড়ি
Monipuri Shari





মনিপুরি মৈথৈ সম্প্রদায়ের ঐতিহ্যবাহী লাই হারাওবা উৎসব
Traditional *Lai Haraoba* festival of Monipuri *Moithoi* Community



ঐতিহ্যবাহী মনিপুরি মঞ্চ নাটক
Traditional Monipuri Theatre



মোটা ঠোঁট ফুটকি
Thick-billed Warbler



জলের ময়ূর **'জল ময়ূর'**
Pea cock of marshland **'Pheasant-tailed Jacana'**



ল্যাঞ্জা চ্যাগা
Pin-tailed Snipe



**'কালো শকুন'**-বাংলাদেশের একসময়ের স্থানীয় হয়েও এখন পরিযায়ী পাখী
**'Cinereous Vulture'**- Once it was our resident bird though it is a migratory now




জাতীয় পাখি **'দোয়েল'**
National bird **'Oriental Magpie Robin'**



মহাবিপন্ন **'কুড়া ঈগল'**
Critically endangered **'Pallas's Fish-eagle'**



লাউয়াছড়ায় মায়া হরিণ
**Barking Deer in Lawachhara**



লাউয়াছড়ায় বন মোরগ
Junglefowl in Lawachhara



মহাবিপন্ন **'উল্লুক'**
Critically endangered **'Hoolock Gibbon'**



লাল কাঁকড়া
Red Ghost Grab



নিশাচর প্রাণি **'গন্ধগোকুল'**
Nocturnal Animal **'Asian Palm Civet'**



দীর্ঘ লেজধারী **'দৈত্য কাঠবিড়ালী'**
**'Malayan Giant Squirrel'** with long tail



ছোট বাগদাশ
Small Indian Civet



খরগোশ
Indian Hare



মহাবিপন্ন **'লজ্জাবতী বানর'**
Critically endangered **'Bengal Slow Loris'**



পাতি শেয়াল
Asian Golden Jackal



বিপন্ন প্রাণি **'চিতা বিড়াল'**
Near threatened animal **'Liopard Cat'**



বন বিড়াল
Jungle Cat



চশমাপড়া হনুমান
Phayre's Langur



মুখপোড়া হনুমান
Capped Langur



বিপদাপন্ন **'বড় কাঠবিড়ালি'**
Vulnerable **'Black Giant Squirrel'**



ডোরাকাটা গেছো ব্যাঙ
Common Tree Frog



মাইট্টা ব্যাঙ
Dark-sided Frog



সোনা ব্যাঙ
Indian Bullfrog



**'অর্কিড ম্যান্টিস'** পোকা হলেও, অর্কিড নয়
**'Orchid Mantis'** is an insect not orchid



দেশের নতুন ফড়িং **'স্যাফাইয়ার টোরেন্ট ডার্ট'**
New dragonfly of our country **'Sapphire Torrent Dart'**



বাংলাদেশের নতুন প্রজাপতি **'হারলেকুইন'**
**'Harlequin'**- new butterfly for Bangladesh



বাংলাদেশের নতুন প্রজাপতি **'ইয়েলো ফ্ল্যাট'**
**'Yellow Flat'**- new butterfly for Bangladesh



বাংলাদেশের নতুন প্রজাপতি **'ফালভাস ডনফ্লাই'**
**'Fulvous Dawnfly'**-new butterfly for Bangladesh



পৃথিবীর সর্ববৃহৎ মথ **'এটলাস মথ'**
Largest moth of the world **'Atlas Moth'**



বাংলাদেশের নতুন প্রজাপতি **'সিলভার রয়েল'**
**'Silver Royal'**-new butterfly for Bangladesh



দীর্ঘ ৯৯ বছর পর বাংলাদেশে নতুন করে পাওয়া প্রজাপতি **'দ্য উইচ'**
After long 99 years rediscovered butterfly **'The Witch'**



বনের সৌন্দর্য **'ফাঙ্গাস'**
**'Fungus'**-the beuty of forest



ফাঙ্গাস
Fungus



বড়চোখ ফণীমনসা
Eyed Cat Snake



বিষাক্ত সাপ **সবুজ বোড়া**
Venomous Snake **Spot-tailed Pit Biper**



বাংলাদেশের নতুন সাপ **'মিছে গোখরা'**
**'False Cobra'** new snake for bangladesh



গোকুল ফণীমনসা
Eastern Cat Snake



# পাখি বাড়ি

হাওর আর পাহাড় অধ্যুষিত মৌলভীবাজার জেলার ৭টি উপজেলার বিভিন্ন বাড়ির বাঁশ ঝাড় কিংবা গাছে বাসা বাঁধে বক, সরালিসহ নানান জাতের বুনো পাখি। প্রতিটি মুহূর্তে পাখির কলতানে মুখর হয়ে ওঠে চারদিক। অভয়াশ্রমে পরিণত হওয়া পাখি বাড়িগুলো পর্যটকদের অন্যতম আকর্ষনে পরিণত হয়েছে।



# Birds Home

There are seven upazila in moulvibazar whice are enriched with haors and hills become an attraction of tourists for chirping and fluttering of various kind of birds. Birds like Egret, *Sarali* (flying duck) and other birds have made their nests at the bamboo clusters or large trees in these areas. Turned as sanctuary, these 'Birds Home' area with chirping and fluttering of birds, have been attracted by the tourists.



পাখি বাড়ি, মৌলভীবাজার
Birds Home, Moulvibazar



চিত্রা হরিণ
Spotted Deer



মেছো বাঘ
Fishing Cat



চশমাপরা হনুমান
Phayre's Leaf Monkey

সীতেশ বাবুর চিড়িয়াখানা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
Zoo of Sitesh Babu, Sreemanagal, Moulvibazar

# ঐতিহাসিক নিদর্শন

মৌলভীবাজার জেলার ৭টি উপজেলায় ছড়িয়ে আছে শতাধিক পুরাকীর্তি ও ঐতিহাসিক স্থান, যেখানে পর্যটকের মন হারিয়ে যাবে ইতিহাসের অন্য এক খেরোপাতায়।

- মৌলভীবাজার শহরের তিন মাইল দক্ষিণ-পশ্চিমে গয়ঘর নামক গ্রামে মধ্যযুগের ঐতিহাসিক নিদর্শন পাঠান বীর খাজা ওসমানের দীঘি, গড়, দুর্গ এবং ১৪৭৬ খ্রিস্টাব্দে নির্মিত উপমহাদেশের প্রাচীনতম মসজিদগুলোর অন্যতম খোজার মসজিদ।
- মৌলভীবাজার শহরের দরগামহল্লায় হযরত শাহজালাল (র.) এর সাথী ৩৬০ আউলিয়ার অন্যতম হযরত সৈয়দ শাহ মোস্তফা (র.)-এর মাজার।
- সদর উপজেলার জগৎসী গ্রামে দোল গোবিন্দ আশ্রম।
- পশ্চিমবাজার মনু নদীর জাহাজ ঘাট।
- সদর উপজেলার কাগাবালা ইউনিয়নে কামরূপ রাজ ভগদত্তের উপ-রাজধানী দিনারপুর ভগ্নাবশেষ।
- পাক-হানাদার বাহিনী ও স্থানীয় রাজাকার বাহিনীর টর্চার সেল পিটিআই এলাকায় ভূ-গর্ভস্থ বাংকার।
- সদর উপজেলার পাগুলিয়ায় দিল্লীর পীর সাহেবের মসজিদ।
- সদর উপজেলার বিরাইমবাদ গ্রামে আছে সাধক অজ্ঞান ঠাকুরের দেয়াল।
- কুলাউড়া উপজেলায় ব্রিটিশ বিরোধী আন্দোলনের তীর্থস্থান রঙ্গিরকুল আশ্রম।
- প্রায় ২০০ বছরের ইতিহাস ও ঐতিহ্য নিয়ে কুলাউড়ার পৃথিমপাশা নবাববাড়ি, মসজিদের ফুলেল নকশা ও ইমামবাড়া পর্যটকদের কাছে এক আকর্ষণীয় স্থান। সমগ্র বাংলা ও আসামের প্রখ্যাত সমাজসেবক জমিদার আলী আমজদ খাঁ এই মসজিদ ও ইমামবাড়া প্রতিষ্ঠা করেন। শিয়া সম্প্রদায় প্রতি বছর এই ইমামবাড়াতে ১০ মহরম উপলক্ষে সিলেট বিভাগের সবচেয়ে বড় আশুরা অনুষ্ঠান পালন করে।
- ইরানের শাহান শাহ রেজা শাহ পাহলভীর আগমন উপলক্ষে লংলা ও শমসেরনগর রেল স্টেশনে নির্মিত সুরম্য তোরণ।
- কুলাউড়ার নন্দ নগরের সতীদাহ মন্দির।
- শ্রীমঙ্গল উপজেলার ৪০০ বছরের পুরনো শ্রী শ্রী নির্মাই শিববাড়ী।
- শ্রীমঙ্গলের কালাপুরের শতাব্দী প্রাচীন রাধা গোবিন্দের মন্দির।
- বিলাস নদীর লঞ্চ ঘাট।
- যাদের নামে শ্রীমঙ্গল সেই দুই ভাই 'শ্রী চন্ডি' এবং 'মঙ্গল চন্ডি'র প্রাচীন মন্দির।
- সীতেশ দেবের চিড়িয়াখানা বা বন্যপ্রাণি সেবা ফাউন্ডেশন।
- মাগুরছড়া ও কালাছড়া গ্যাস ফিল্ড।
- শমসেরনগর বৃটিশ নির্মিত বিমানবন্দর ও তৎসংলগ্ন ১৯৭১ সালে গণহত্যার বধ্যভূমি।
- গড়নউষার দূর্গের ধ্বংসস্তুপ।
- বড়লেখা উপজেলার পাথারিয়ায় হযরত সৈয়দ ইয়াকুব (রঃ)-এর মাজার।
- শাহবাজপুর মোঘল আমলের সালেগড় দুর্গ।
- মাধবকুন্ড সংলগ্ন প্রাচীন শিব মন্দির।
- রাজনগর উপজেলার কমলা রাণীর দীঘি ও তৎসংলগ্ন রাজা সুবিদ নারায়ণের রাজ পরিবারবর্গের সমাধিস্থল।
- তারাপাশার শতাব্দী প্রাচীন তীর্থস্থান বিষ্ণুপদ ধাম।
- পাঁচগাঁও বাংলা সংবাদপত্রের আদি পুরুষ গৌরিশংকর ভট্টাচার্যের বাড়ি।
- ঐতিহাসিক কামান *জমজম* ও *জাহানকোষা* কামানের নির্মাতা জনার্দন কর্মকারের বাড়ি।
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ছাত্রী বিপ্লবী লীলা নাগের বাড়ি।
- পাঁচগাঁও শান্তিময় দাসের বাড়িতে প্রাচীন শ্রী শ্রী লাল দুর্গা পূজামন্ডপ।
- রাজনগর, সদর, শ্রীমঙ্গল, কমলগঞ্জ, কুলাউড়া, জুড়ি ও বড়লেখার পাখি বাড়ি।



হযরত সৈয়দ শাহ মোস্তফা (র.) এর মাজার
Shrine of Hazrat Syed Shah Mostafa (R,) Majar



পৃথিমপাশা নবাববাড়ি ও ইমামবাড়া, কুলাউড়া
Nobab House & Imambarha, Prithimpasha, Kulaura

# Historical Symbols

There are more than one hundred antiquities and historical places around the 7 Upazilas of Moulvibazar District. They bear a huge historical value and attract the tourists as well.

➤ The Historical Pathan Beer Khaza Osman Dighi, Gorh, Castle and Khojar Mosque are most notable historical places of the district. Khojar Mosque is the oldest mosque of the subcontinent built in 1476 A.D. are situated at Goyghor village, three miles south- west to Moulvibazar town.

➤ The shrine of Hazrat Syed Shah Mustafa (R) one of 360 saints who accompanied Hajrat Shahjalal (R), is situated at Dorga Mohalla of Moulvibazar town.

➤ Dul Gobinda Ashram is situated at village Jagotshi under Sadar Upazila.

➤ The Jahaj Ghat of Monu river at *Pashchim Bazar* of Moulvibazar town.

➤ The ruined sub-capital of Kamrup King Bhogdatta at village Dinarpur, under Kagabala union of Sadar Upazila.

➤ The underground bunker of PTI area at Moulvibazar town was used as torture cell by the Pakistani invaders and the local *Rajakars*.

➤ The mosque of the Peer Shaheb of Delhi situated at Pagulia.

The wall of the devotee Oggyan Thakur at the village Beraimabad under Sadar upazila.

➤ Rongirkul Ashram, the mother house of Anti-British movement at Kulaura Upazila.

➤ The Nowab Bari, artistic flowery design of the mosque and Imambara of Prithimpassa of Kulaura are very attractive places for the turist bearing the history of two centuries. Nowab Ali Amzad Khan, one of the benevolents of entire Bengal and Assam is the founder of these mosque and Imambara. The *Shia Community* celebrate holly *Asura* on 10th Muharram every year, it is the largest *Asura* celebration of Sylhet division.

➤ The attractive gate at lungla and Shamshernagar Railway Stations, built on the occasion of arrival of Reza Shah Pahlovi, the *Shahan Shah* of Iran.

➤ Shoti Daho Temple of Nanda Nagar at Kulaura.

➤ 400 Years old Sree Sree *Nermai Shiva Bari* at Sreemangal upazila.

➤ Radha Gobinda Temple of Kalapur under Sreemangal.

➤ Launch Terminal of Bilash River.

➤ The ancient *Sree Chandi* and *Mongal Chandi* Temple in the name of two brothers, after whose names Sreemangal was named.

➤ The wild animal care foundation of Shitesh Deb.

➤ *Magur Cherra* and *Kala Cherra* Gas Fields.

➤ The Airport of Shamshernagar set up by the British and the adjacent killing filed and mass graveyeard of 1971.

➤ The ruins of *Patan Ushar Fort*.

➤ The shrine of Hazrat Yeakub (R) at Patharia under Barlekha upazila.

➤ The Fort of Shahbazpur built in Mughal reign.

➤ The ancient Shiva Temple adjacent to Madhabkunda.

➤ The *Komla Rani Dighi* of Rajnagar upazila and adjacent funeral place of the family members of the king Subid Narayon Raj.

➤ The hundred years old pilgrim Bishnupada Dham of Tarapasha.

➤ The home of Gouri Shonkar Bhattacharjee the forefather of Bangla news paper at village Panchgaon.

➤ The home Jonardhon Kormukar, the smith of historic *Kalo Jhom Jhom* and *Jahan Kusha* canons.

➤ The home of Lila Nag, an anti-British revolutionist and the first female student of Dhaka University.

➤The ancient Sree Sree Lal Durga Mondap in the house of Shantimoy Das at Panchgaon.

➤ The Bird Houses of Rajnagar, sadar and Barlekha.



খোজার মসজিদ, গয়ঘর, মৌলভীবাজার সদর
*Khojar Mosque*, Goyghor, Moulvibazar Sadar



মোগল আমলের খাজার মসজিদ, বড়লেখা
Khajar Mosque of Mughol Period, Baralekha

## জেলা পরিষদ ডাকবাংলো

| ডাকবাংলোর নাম | অবস্থান | কক্ষ সংখ্যা | শয্যা সংখ্যা |
|---|---|---|---|
| সদর ডাকবাংলো | সদর উপজেলা | ১৩ | ১৮ |
| শ্রীমঙ্গল আধুনিক ডাকবাংলো | শ্রীমঙ্গল | ১২ | ১৮ |
| শ্রীমঙ্গল ডাকবাংলো | শ্রীমঙ্গল | ৪ | ৭ |
| কমলগঞ্জ ডাকবাংলো | কমলগঞ্জ | ২ | ৩ |
| শমসেরনগর ডাকবাংলো | কমলগঞ্জ | ২ | ৩ |
| রাজনগর ডাকবাংলো-১ | রাজনগর | ৪ | ৭ |
| রাজনগর ডাকবাংলো-২ | রাজনগর | ২ | ৩ |
| কুলাউড়া আধুনিক ডাকবাংলো | কুলাউড়া | ৬ | ৮ |
| কুলাউড়া পুরাতন ডাকবাংলো | কুলাউড়া | ২ | ৩ |
| বড়লেখা ডাকবাংলো | বড়লেখা | ৩ | ৫ |
| মাধবকুণ্ড ডাকবাংলো | বড়লেখা | ২ | ৪ |
| মাধবকুণ্ড আধুনিক ডাকবাংলো | বড়লেখা | ১২ | ১৮ |
| জুড়ি আধুনিক ডাকবাংলো | জুড়ি | ১২ | ১৮ |

## Zila Parishad Dakbanglow

| Name of the Bungalow | Location | No. of Room | No. of Seat |
|---|---|---|---|
| Sadar Dakbungalow | Sadar upazila | 13 | 18 |
| Sreemangal Modern Dakbungalow | Sreemangal | 12 | 18 |
| Sreemangal Dakbungalow | Sreemangal | 4 | 7 |
| Kamalganj Dakbungalow | Kamalganj | 2 | 3 |
| Shamsher nagar Dakbungalow | Kamalganj | 2 | 3 |
| Rajnagar Dakbungalow-1 | Rajnagar | 4 | 7 |
| Rajnagar Dakbungalow-2 | Rajnagar | 2 | 3 |
| Kulaura Modern Dakbungalow | Kulaura | 6 | 8 |
| Kulaura Old Dakbungalow | Kulaura | 2 | 3 |
| Baralekha Dakbungalow | Baralekha | 3 | 5 |
| Madhabkunda Dakbungalow | Baralekha | 2 | 4 |
| Madhabkunda Modern Dakbungalow | Baralekha | 12 | 18 |
| Juri modern Dakbungalow | Juri | 12 | 18 |

## জেলা পরিষদ ডাক বাংলোর ভাড়ার হার

| কক্ষের ধরন | সরকারি অতিথি | বেসরকারি অতিথি |
|---|---|---|
| সদর ডাকবাংলোর ১নং কক্ষ | ৫০০/- | ১০০০/- |
| ফ্যামেলী বেডসহ কক্ষ (এসি) (মাধবকুন্ড ও শ্রীমঙ্গল ব্যাতীত অনান্য ডাকবাংলো) | ৪০০/- | ৮০০/- |
| ফ্যামেলী বেডসহ কক্ষ (নন এসি) (মাধবকুন্ড ও শ্রীমঙ্গল ব্যাতীত অনান্য ডাকবাংলো) | ৩০০/- | ৬০০/- |
| ২ টি সিঙ্গেল বেডসহ সাধারন কক্ষ (মাধবকুন্ড ও শ্রীমঙ্গল ব্যাতীত অনান্য ডাকবাংলো) | ২০০/- | ৪০০/- |
| শ্রীমঙ্গল আধুনিক ডাকবাংলোর প্রতি কক্ষ | ৮০০/- | ২০০০/- |
| মাধবকুন্ড আধুনিক ডাকবাংলোর প্রতি কক্ষ | ৫০০/- | ১৫০০/- |
| শ্রীমঙ্গল ও মাধবকুন্ড ডাকবাংলোর সভা কক্ষ | ১০০০/- | ২০০০/- |

## Traiff Chart

| Type of room | Govt. Guest | Non Govt.Guest |
|---|---|---|
| Room No. 1, Sadar Dakbungalow | 500 /- | 1000 / - |
| Family bed (AC) (Except Madhabkunda and Sreemangal Dakbungalow) | 400 /- | 800 / - |
| Family bed (Non AC) (Except Madhabkunda and Sreemangal Dakbungalow) | 300 /- | 600 /- |
| General room with 2 single beds (Except Madhabkunda and Sreemangal Dakbungalow) | 200 /- | 400 /- |
| Sreemangal Modern Dakbungalow (per room) | 800/- | 2000 / - |
| Madhabkunda Modern Dakbungalow | 500 /- | 1500 / |
| Meeting room of Sreemangal and Madhabkunda Dakbungalow | 1000 /- | 2000 / - |

# ভ্রমণ বিষয়ক তথ্যাদি
# Transportation Information

## সড়ক যোগাযোগ

| পরিবহন মাধ্যম | বাস | কাউন্টার | সম্ভাব্য সময়সূচি | ভাড়া |
|---|---|---|---|---|
| সড়কপথ | **হানিফ এন্টারপ্রাইজ**<br>০১৭১১৯২২৪১৭(মৌলভীবাজার)<br>০১৫১৭-৮৩২১১০ (কাস্টমার কেয়ার)<br>**শ্যামলী পরিবহন**<br>মোবাইল: ০১৭১১৯৯৬৯৬৫<br>০১৭৬৭-৫৫১১৫৩<br>**রূপসী বাংলা পরিবহন**<br>মোবাইল: ০১৭১১৭৮৬৪১১<br>০১৫৫২৫৭৮৬৬৮<br>**এনা পরিবহন**<br>০১৭৬৮ ৩২১৪৬৪ (মৌলভীবাজার)<br>০১৭৫৬৯১৫১৯৮ (শ্রীমঙ্গল) | ঢাকা<br>সায়েদাবাদ, ফকিরাপুল, আরামবাগ, কলাবাগান, ফার্মগেট, আসাদগেট, কলেজগেট, কল্যাণপুর, গাবতলী।<br><br>মহাখালী বাস টার্মিনাল, এয়ারপোর্ট, উত্তরা বিজিবি মার্কেট, টঙ্গি স্টেশন রোড।<br><br>**মৌলভীবাজার:**<br>কোদালিপুল (ঢাকা বাসস্ট্যান্ড), শ্রীমঙ্গল রোড।<br><br>হবিগঞ্জ রোড, শ্রীমঙ্গল। | ভোর ৬টা থেকে ১ ঘন্টা পরপর রাত ১২টা পর্যন্ত বাসগুলো ঢাকা ও মৌলভীবাজার থেকে ছাড়ে। | **নন এসি:**<br>৩৮০ টাকা।<br><br>এসি:<br>৬০০ টাকা |
| এছাড়াও চট্টগ্রাম, কুমিল্লা এবং উত্তরবঙ্গের বিভিন্ন জেলার সাথে বাস যোগাযোগ আছে। | | | | |

## Road Connectivity

| Transport | Bus Name | Counter | Probable Time Schedule | Fare |
|---|---|---|---|---|
| Bus<br>(By Road) | **Hanif Enterprise**<br>01711922417 (Moulvibazar)<br>01517-832110 (Customer Care)<br><br>**Shyamoli Paribahan**<br>Mobile: 01711996965<br>01767-551153<br><br>**Ruposhi Bangla**<br>Mobile: 01711786411<br>01552578668<br><br>**Ena**<br>01768 321464 (Moulvibazar)<br>01756915198 (Srimangal) | **Dhaka**<br>Sayedabad, Fakirapul, Arambagh, Kalabagan, Farmgate, Asad gate, College Gate, Kalyanpur, Gabtoli.<br><br>Mohakhali Bus Terminal, Airport, Uttara BGB Market, Tongi Station Road.<br><br>**Moulvibazar:**<br>Kudalipul (Dhaka Bus Stand), Srimangal Road<br><br>Habiganj Road, Srimangal. | Buses are available in every one hour From 6:00am to 12:00am | Non AC: 380 taka<br><br>AC: 600 Taka |
| Moreover there is bus connectivity with Chittagong, Comilla and also with some districts of Northbengal | | | | |

# রেল যোগযোগ

আন্তঃনগর ট্রেনের সময়সূচি

| ট্রেন নং | নাম | বন্ধের দিন | হইতে | ছাড়ে | গন্তব্য | পৌঁছায় |
|---|---|---|---|---|---|---|
| ৭১০ | পারাবত এক্সপ্রেস | মঙ্গলবার | সিলেট | ১৭:১৪ | ঢাকা | ২১:৫৫ |
| ৭১৮ | জয়ন্তীকা এক্সপ্রেস | বৃহস্পতিবার | সিলেট | ০৮:৪০ | ঢাকা | ১৬:০০ |
| ৭২০ | পাহাড়ীকা এক্সপ্রেস | শনিবার | সিলেট | ১০:১৫ | চট্টগ্রাম | ১৯:৪৫ |
| ৭২৪ | উদয়ন এক্সপ্রেস | রবিবার | সিলেট | ২১:২০ | চট্টগ্রাম | ০৫:৫০ |
| ৭৪০ | উপবন এক্সপ্রেস | - | সিলেট | ২২:০০ | ঢাকা | ০৫:১০ |
| ৭৭৪ | কালনী এক্সপ্রেস | শুক্রবার | সিলেট | ০৭:০০ | ঢাকা | ১৩:৫৫ |

আন্তঃনগর ট্রেনের ভাড়াঃ ঢাকা-শ্রীমঙ্গল

**সুলভ ১২০/-, শোভন ২০০/-, শোভন চেয়ার ২৪০/-, ১ম/ চেয়ার সিট ৩২০/-, ১ম শ্রেণী বার্থ ৪৮০/-, স্নিগ্ধা ৪৬০/-, এসি সিট ৫৫২/-, এসি বার্থ ৮২৮/**

এছাড়াও কমলগঞ্জ ভানুগাছ স্টেশন, শমসেরনগর স্টেশন এবং কুলাউড়া জংশন হতেও ঢাকা সিলেট চট্টগ্রামের সাথে রেল যোগাযোগ আছে।

বিস্তারিত জানতে ব্রাউজ করুন: www.railway.gov.bd

## Railway Communication

Time Schedule : Intercity Trains

| Train No | Name | Off Day | From | Departure | To | Arrival |
|---|---|---|---|---|---|---|
| 709 | Parabat Express | Tuesday | Sreemangal | 10:50 | Sylhet | 13:20 |
| 710 | Parabat Express | Tuesday | Sreemangal | 17:14 | Dhaka | 21:55 |
| 717 | Jayantika Express | No | Sreemangal | 17:13 | Sylhet | 19:40 |
| 718 | Jayantika Express | Thursday | Sreemangal | 10:51 | Dhaka | 16:00 |
| 719 | Paharika Express | Monday | Sreemangal | 15:20 | Sylhet | 17:50 |
| 720 | Paharika Express | Saturday | Sreemangal | 12:53 | Chittagong | 19:45 |
| 723 | Udayan Express | Saturday | Sreemangal | 03:48 | Sylhet | 06:20 |
| 724 | Udayan Express | Sunday | Sreemangal | 23:24 | Chittagong | 05:50 |
| 739 | Upaban Express | Wednesday | Sreemangal | 02:35 | Sylhet | 05:50 |
| 740 | Upaban Express | No | Sreemangal | 00:24 | Dhaka | 05:10 |
| 773 | Kalani Express | Friday | Sreemangal | 20:23 | Sylhet | 22:45 |
| 774 | Kalani Express | Friday | Sreemangal | 09:10 | Dhaka | 13:55 |

**Intercity train fares: Dhaka-Sreemangal**

Sulov 120 / -, Shovon 200 / -, Shovon Chair 240 / -, 1st Class/ Chair Seat 320 / -, 1st Class Berth 480 / -, Snigdha 460 / -, AC Seat 552 / -, AC Berth 828 / -

Moreover railway communication is available with Sylhet, Dhaka & Chittagong from local Kulaura junction, Vanugach and Shamshernagar station of Kamalganj.

For details Please Browse: www.railway.gov.bd/

### স্থানীয় যোগাযোগ সুবিধা

আন্তঃউপজেলা বাস, কার, মাইক্রোবাস, সিএনজি চালিত অটো রিকশা, থ্রি-হুইলার ইজিবাইক (টমটম), রিকশা ইত্যাদি।

### Local Communication Facilities

Inter-upazila buses, cars, micro-buses, CNG-run-auto rickshaws, three-wheeler easy-bikes (tomtom), rickshaws etc.

# জেলা ব্র্যান্ডিং সংক্রান্ত সভা-সেমিনার
# Meeting-Seminar for District Branding






জেলা ব্র্যান্ডিং, কিশোর বাতায়ন প্রতিযোগিতা ও হিউম্যান ডেভেলপমেন্ট মিডিয়ার অনুষ্ঠান উদ্ভাবকের খোঁজে বিষয়ক প্রেস ব্রিফিং
A press brifing on District Branding, *Kishor Batayon* contest and Talent Hunt on Human Development






জেলা ব্র্যান্ডিং বিষয়ক কর্মশালা
Workshop on District Branding




জেলা ব্র্যান্ডিং বিষয়ক সোশ্যাল মিডিয়া সংলাপ
Social Media Dialogue on District Branding

# তিন বছর মেয়াদী কর্মপরিকল্পনা


| ক্রমিক | কার্যক্রম | সময়সীমা |
|---|---|---|
| ১ | জেলা ওয়েব পোর্টালে জেলা ব্র্যান্ডিং এর জন্য পেজ তৈরি করা | সেপ্টেম্বর, ২০১৭ |
| ২ | জেলা ব্র্যান্ডিং সংক্রান্ত ব্র্যান্ড বুক প্রণয়ন করা। | অক্টোবর, ২০১৭ |
| ৩ | জেলা/উপজেলার সকল সরকারি/বেসরকারি অফিসে পর্যটন সংক্রান্ত ছবি টানানোর ব্যবস্থা গ্রহণ করা | ডিসেম্বর, ২০১৭ |
| ৪ | জেলা ব্র্যান্ডিংয়ের উদ্দেশ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান/প্রতিযোগিতা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা | ডিসেম্বর ২০১৭ |
| ৫ | সরকারি/বেসরকারি সাইটে, বিভিন্ন পাবলিক প্লেসে এবং সোশ্যাল মিডিয়ায় "চায়ের দেশ-মৌলভীবাজার" লোগো ব্যাপক প্রচার ও প্রদর্শন করা | ডিসেম্বর, ২০১৭ |
| ৬ | পর্যটন স্পটসমূহের নয়নাভিরাম সৌন্দর্য্য ও বর্তমান সুযোগ সুবিধা তুলে ধরে পর্যটক আকর্ষণ করার জন্য ডকুমেন্টারি তৈরি করা | ডিসেম্বর, ২০১৭ |
| ৭ | সোশ্যাল মিডিয়ায় (ফেসবুক, টুইটার) ব্যাপক আকারে পর্যটন স্পটসমূহের প্রচার করা | ডিসেম্বর, ২০১৭ |
| ৮ | জেলা ব্র্যান্ডিং মেলা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা। | মে, ২০১৮ |
| ৯ | প্রশিক্ষণের মাধ্যমে প্রতি বছর ১০০জন প্রফেশনাল ট্যুরিস্ট গাইড তৈরি করা। | জুন, ২০১৮ |
| ১০ | পর্যটন স্পটগুলোতে প্রাথমিক চিকিৎসার প্রয়োজনীয় ব্যবস্থা করা। | আগস্ট, ২০১৮ |
| ১১ | বিশুদ্ধ পানির সরবরাহ নিশ্চিত করার জন্য প্রতিটি পর্যটন স্পটে অন্তত ০১টি করে ফিল্টার স্থাপন | আগস্ট, ২০১৮ |
| ১২ | গুরুত্বপূর্ণ ও পর্যটক আকর্ষণীয় স্পটে প্রতিবন্ধী এবং বয়স্কদের জন্য হুইল চেয়ারের ব্যবস্থা করা। | আগস্ট, ২০১৮ |
| ১৩ | প্রতিটি পর্যটন কেন্দ্রে একটি করে ফুড কর্নার স্থাপন করা | আগস্ট, ২০১৮ |
| ১৪ | মৌলভীবাজার সার্কিট হাউজের সম্মুখে ০১টি মনুমেন্ট তৈরি করার ব্যবস্থা গ্রহণ করা। | আগস্ট, ২০১৮ |
| ১৫ | জেলায় একটি ট্যুরিস্ট ডিরেক্টরি তৈরি করা। | আগস্ট, ২০১৮ |
| ১৬ | উদ্যোক্তা ৫০% বৃদ্ধি করা | ডিসেম্বর, ২০১৮ |
| ১৭ | কর্মসংস্থান ১০০% বৃদ্ধি করা | ডিসেম্বর, ২০১৮ |
| ১৮ | সকল গুরুত্বপূর্ণ/আকর্ষণীয় পর্যটন স্পটের নিরাপত্তার জন্য পুলিশ শেড স্থাপন করা | মার্চ, ২০১৯ |
| ১৯ | হাকালুকি হাওর, বাইক্কা বিল ও মাধবপুর লেইক এর উপযুক্ত স্থানে ৫/৬ টি করে ওয়াচ টাওয়ার স্থাপন করা। | জুন, ২০১৯ |
| ২০ | পর্যটকের সংখ্যা ২৫% বৃদ্ধি করা | ডিসেম্বর, ২০১৯ |
| ২১ | সকল পর্যটন স্পটে পাবলিক টয়লেট স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা | ডিসেম্বর, ২০১৯ |
| ২২ | লাউয়াছড়া, মাধবপুর লেইক, হাকালুকি হাওড় ও বর্ষিজোড়া ইকো পার্কে বিভিন্ন আনন্দদায়ক খেলাধুলার ব্যবস্থা সম্বলিত বিনোদন পার্ক স্থাপন করা। | ডিসেম্বর, ২০১৯ |
| ২৩ | স্পটসমূহের রাস্তাগুলো সংস্কারের ব্যবস্থা গ্রহণ করা। | ডিসেম্বর, ২০১৯ |
| ২৪ | হামহাম জলপ্রপাত ও মাধবপুর লেকে ক্যাবল কার স্থাপন করা | ডিসেম্বর, ২০১৯ |

## Three year working plan

| Serial | Activity | Timeline |
|---|---|---|
| 1 | Creat a branding page on District web portal. | September 2017 |
| 2 | Publish a Brand-Book of District branding. | October 2017 |
| 3 | Display tourism related photograph at all Government and NGO's offices in District and upazila level. | December 2017 |
| 4 | Arrange cultural fest/contest to promote District Branding. | December 2017 |
| 5 | Ensure massive publicity for Moulvibazar branding logo at the websites of government & NGO offices,public places and social media. | December 2017 |
| 6 | Covering the important spots, an informative Documentary will be made to attract the tourists. | December 2017 |
| 7 | Ensure a massive propaganda of the spots on Social media (Especially on Facebook and Twitter) | December 2017 |
| 8 | Arrange a District Branding Fair. | May 2018 |
| 9 | Yearly 100 professional tourist guides through training. | June 2018 |
| 10 | Ensuing First Aid at the tourist spots. | August 2018 |
| 11 | Set up minimum one water filter in each spot to ensure safe drinking water at the tourist spots. | August 2018 |
| 12 | Ensure wheelchair for the disables and for the olds at all important and popular tourist spots. | August 2018 |
| 13 | Establish a Food Corner at each tourist spot. | August 2018 |
| 14 | Build a monument in front of Moulvibazar Circuit House. | August 2018 |
| 15 | Publish a District tourist directory. | August 2018 |
| 16 | Increase local entrepreneur up to 50% | December 2018 |
| 17 | Increase employment up to 100% | December 2018 |
| 18 | Set up police shade in all important/attractive tourist spot for safety. | March 2019 |
| 19 | Minimum5-6 watch towers will be set up in Suitable places at Hakaluki Haor, Baikka bil and Madhobpur lake. | June 2019 |
| 20 | Increasing total number of tourist up to 25% | December 2019 |
| 21 | Ensuring Toilet facilities in all tourist spots. | December 2019 |
| 22 | Set up amusement parks with enjoyable rides at Lawachara, Madhobpur Lake, Hakaluki Haor and Barshijora eco park. | December 2019 |
| 23 | Repair the link roads to the tourist spots. | December 2019 |
| 24 | Set up Cable Car at Humhum waterfalls and Madhobpur lake areas. | December 2019 |


# অর্জিত অগ্রগতির ইনফোগ্রাফ
# Infograph of Achievements











ডিসি অফিস, মৌলভীবাজার
DC Office, Moulvibazar

# জেলা ব্র্যান্ডিং: পরিবর্তনের গল্প

মৌলভীবাজার জেলার চলমান উদ্যোগ ও সম্ভাবনাসমূহ বিকাশের মাধ্যমে সার্বিক উন্নয়ন ত্বরান্বিত করা এবং জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনে জেলাকে তুলে ধরার লক্ষ্যে ১৬ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দে মৌলভীবাজার জেলা ব্র্যান্ডিং কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়। কর্মপরিকল্পনার আলোকে ইতোমধ্যেই একটি সুদৃশ্য জেলা ব্র্যান্ডিং লোগো তৈরি করা হয়েছে এবং "Moulvibazar: the land of Tea" তথা 'চায়ের দেশ মৌলভীবাজার' শিরোনামে একটি ট্যাগ লাইন গ্রহণ করা হয়েছে। ট্যাগ লাইনসহ ব্র্যান্ডিং লোগোটি জেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে প্রদর্শিত হচ্ছে। জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি সভা-সমাবেশ, সেমিনার, কর্মশালা ইত্যাদিতে ব্যবহৃত ব্যানার, পোস্টার, ফেস্টুন ইত্যাদিতে জেলা ব্র্যান্ডিং লোগোটি ব্যবহার করা হচ্ছে। ফলে মৌলভীবাজার জেলা ব্র্যান্ডিং কর্মসূচিটি ব্যাপক প্রচারণা পেয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী একটি ব্র্যান্ডিং সংগীত তৈরি করা হয়েছে এবং তা বিভিন্ন মেলা-প্রদর্শনী ইত্যাদিতে আগত দর্শনার্থীদের মাঝে পরিবেশন করা হচ্ছে। ফলে জেলার নাগরিকগণ জেলা ব্র্যান্ডিং সম্পর্কে অবহিত হতে পারছেন। অন্যদিকে জেলা ও উপজেলার সরকারি-বেসরকারি দপ্তরসমূহে মৌলভীবাজারের আকর্ষণীয় পর্যটন কেন্দ্রসমূহের ছবি/ পোস্টার/ ফেস্টুন ইত্যাদি প্রদর্শন করা হচ্ছে। এর মাধ্যমে এসব দপ্তরে আগত সেবা প্রার্থীগণ এসব পর্যটন স্পটসমূহ সম্পর্কে অবহিত হচ্ছেন এবং পর্যটন স্পটসমূহে ভ্রমণে আগ্রহী হচ্ছেন। পর্যটন স্পটগুলোকে পর্যটক বান্ধব করার লক্ষ্যে বেশ কিছু উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এসবের মধ্যে উল্লেখযোগ্য হলো, পর্যটন স্পটসমূহে প্রবেশের সংযোগ সড়ক সংস্কার/ নির্মাণ, বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা, নিরাপদ শৌচাগার ও চেঞ্জিং রুম স্থাপন ইত্যাদি। এসব উদ্যোগের ফলে পর্যটক সমাগম বেড়ে চলেছে। ২০১৭ সালে এ জেলায় আগত পর্যটকদের সংখ্যা ছিল প্রায় ৫০০,০০০ জন। যা পূর্ববর্তী বছরের (২০১৬) তুলনায় অনেক বেশি। ফলে পর্যটন সংশ্লিষ্ট উদ্যোক্তা, ট্যুর গাইড/ অপারেটর, ব্যবসায়ী সম্প্রদায় এবং স্থানীয় জনগণও পর্যটন শিল্পের বিকাশে সম্পৃক্ত হচ্ছেন। এ জেলায় পর্যটন খাতে সরকারি ও বেসরকারি সেক্টরে প্রায় ১৩ হাজার মানুষের সম্পৃক্ততা ঘটেছে। অন্যদিকে সরকারিভাবে ৬০ জন স্থানীয় ট্যুর গাইডকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। পর্যটন খাতে নতুন করে সম্পৃক্ত হয়েছেন ২৫০ জন পুরুষ এবং ৪৫ জন নারী উদ্যোক্তা। ফলে ৫০০ জন যুবক এবং ২৫০ জন যুব-নারীর কর্মসংস্থানের সুযোগ হয়েছে। প্রত্যক্ষ ও পরোক্ষভাবে উপকৃত হয়েছেন আড়াই লক্ষাধিক ব্যক্তি।

মৌলভীবাজার জেলার পর্যটন সম্ভাবনা তুলে ধরে তথ্যবহুল ডকুমেন্টারি তৈরি করতে তথ্য মন্ত্রণালয়ে প্রস্তাব করা হয়েছে। জেলা ব্র্যান্ডিং এর এসব উদ্যোগের ফলে মৌলভীবাজারে পর্যটন শিল্পে নতুন গতি সঞ্চার হয়েছে। বেড়েছে পর্যটকদের আগমন, একই সাথে বেড়েছে বিনিয়োগ, উদ্যোগ, অবকাঠামো এবং কর্মসংস্থান। যা বদলে দিয়েছে স্থানীয় অর্থনীতির পুরোনো গল্প, দেশের অর্থনীতিতেও যোগ করেছে নতুন সম্ভাবনা।

# District Branding: The story of change

To focus Moulvibazar district in national and global arena and to accelerate the overall development promoting the ongoing initiatives and potentialities of the district, a district branding working plan was taken on July 07, 2017. According to this working plan beautiful branding logo is already designed and a tagline entitled "Moulvibazar the Land of Tea (in Bengali *Chaayer Desh Moulvibazar*) is also adopted. This branding logo with the taglines is displaying at the important place of the district. Moreover it is using in the banner, festoon, poster of government meetings, seminars, workshops at district and upazila level. As a result, the district branding activity is getting a huge publicity to the working plan a branding song is already composed and it is played before the visitors of all fair and exhibition at district and upazilas. So the citizens of the district can be informed of district branding. On the other hand the photographs/posters/portraits of attracting tourist spots of Moulvibazar are displayed at all government and non-government offices. Through this, the service recipients can be informed and interested to visit these tourist spots. To make tourist friendly spot, some initiatives have been taken, some of these are-construct/reform the link road to the spots, ensure safe drinking water, public toilet, changing room etc. Through these initiatives, the number of tourist is increasing. In 2017 the total number of tourist visited Moulvibazar was about 500,000 which is more than the previous year (2016). So the entrepreneurs, tour guides/operators, business community and the local people are involving in the tourism sectors and about 13000 people both government and non-government sector have been involved in recent time. A specialized training is given among 60 tour guides and about 250 male and 45 female entrepreneurs have involved in this sector which opens an employment opportunity of about 500 male and 250 female youth. Moreover about 2.5 lakhs local people have been benefited.

A proposal was sent to the ministry of information to make a documentary on tourism potentiality of Moulvibazar. Through these initiatives a new pace in ensured to the progress of local tourism. The number of tourist is increasing at the same time, investment, enterprises, infrastructure and employment is increasing in a great speed. Which transformed the old story of local economy and added a new potentiality in national economy.